# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Ashar 25, 1433 Bangla, July 09, 2026, Thursday, No. 184, 56th year


# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has announced government's plans to gradually increase salaries of primary and secondary school teachers. (BBC: 03)

Tarique Rahman has said, government has taken initiatives to expand new labor markets abroad. (Jago News: 11)

Government has taken initiative to form 'Clean School Team' in all educational institutions in capital to prevent dengue. (Jago News: 13)

Home Minister has called for strong international support to ensure repatriation of Rohingyas to their homeland. (Jago News: 13)

Information and Broadcasting Minister has said, government has launched two projects to address growing challenges posed by misuse of AI and deepfake technology. (Jago News: 15)

Torrential rains and landslides have caused flash floods in low-lying areas of several districts in country, at least 11 people have been killed in landslides in Chittagong and Cox's Bazar. (BBC: 04)

State Minister for Railways has announced plans to raise railway line of Chittagong-Dohazari by five feet to avoid waterlogging. (Jago News: 18)

Government has appointed human rights activist Irene Khan as Bangladesh's permanent representative to UN. (BBC: 03)

Four people including a child have been handed over to BSF a year after their 'push-in' to Bangladesh. (BBC: 09)

Iran has said, it will close Strait of Hormuz and retaliate with strikes in response to US attack. (R. Tehran: 09)


**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ২৫, বাংলা ১৪৩৩, জুলাই ০৯, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১৮৪, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সারাদেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের সম্মানী পর্যায়ক্রমে বাড়ানো হবে। (বিবিসি: ০৩)

বিদেশে নতুন শ্রমবাজার সম্প্রসারণে সরকার উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন তারেক রহমান। (জাগো নিউজ: ১১)

ডেঙ্গু প্রতিরোধে রাজধানীর সব শিক্ষাপ্রতিষ্ঠানে ‘ক্লিন স্কুল টিম’ গঠনের উদ্যোগ নিয়েছে সরকার। (জাগো নিউজ: ১৩)

রোহিঙ্গাদের নিজ দেশে প্রত্যাবর্তনের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের জোরালো সহায়তার আহ্বান স্বরাষ্ট্র মন্ত্রীর। (জাগো নিউজ: ১৩)

এআই ও ডিপফেক প্রযুক্তির অপব্যবহারজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার দুটি প্রকল্প গ্রহণ করেছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী। (জাগো নিউজ: ১৫)

টানা বৃষ্টি ও পাহাড়ি ঢলে দেশের কয়েকটি জেলার নিচু এলাকায় আকস্মিক বন্যা, চট্টগ্রাম ও কক্সবাজারে পাহাড়ধসে অন্তত ১১ জনের মৃত্যু। (বিবিসি: ০৪)

জলাবদ্ধতা এড়াতে চট্টগ্রাম থেকে দোহাজারী পর্যন্ত রেললাইন পাঁচ ফুট উঁচু করার পরিকল্পনার কথা জানালেন রেলপথ প্রতিমন্ত্রী। (জাগো নিউজ: ১৮)

জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি হিসেবে মানবাধিকার কর্মী আইরিন খানকে নিয়োগ দিয়েছে সরকার। (বিবিসি: ০৩)

শিশুসহ চারজনকে বাংলাদেশে 'পুশ-ইনের' এক বছর পর বিএসএফের কাছে হস্তান্তর। (বিবিসি: ০৯)

যেকোনো মার্কিন হামলার জবাবে ইরান হরমুজ প্রণালি বন্ধ করবে ও দ্বিগুণ হামলা চালাবে বলে জানিয়েছে দেশটি। (রে. তেহরান: ০৯)

# বিবিসি

## নিজেকে ইরানের 'এক নম্বর লক্ষ্যবস্তু' বললেন ট্রাম্প

ইরানের সঙ্গে সংঘাত একটি "অত্যন্ত বড়ো সামরিক সাফল্য" ছিল এবং এর ফলে তেহরান পারমাণবিক অস্ত্র অর্জন থেকে বিরত হয়েছে বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তুরস্কের আঙ্কারায় সাংবাদিকদের সামনে কথা বলার সময় তিনি বলেন, ইরানের আলোচকরা একটু পাগলাটে, তারা একটু উন্মাদ এবং এরপর যোগ করেন, একদিনের মধ্যে তাদের সব বিমানবিধ্বংসী প্রতিরক্ষা ব্যবস্থা শেষ হয়ে গেছে... সবকিছু শেষ। তাদের নেতারাও আর নেই। তিনি আরও বলেন, "তাদের আরেক দল নেতা আছে, তারাও হয়ত আর থাকবে না। কে জানে?" তিনি এটাও যোগ করেন, "আমিও নাও থাকতে পারি, কারণ আমি তাদের এক নম্বর লক্ষ্যবস্তু।" ২০২৪ সালে ট্রাম্পের নির্বাচনী প্রচার শিবির জানিয়েছিল, যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থাগুলো তার বিরুদ্ধে ইরানের সম্ভাব্য হত্যাচক্রান্ত সম্পর্কে তাদের অবহিত করেছিল। সে সময় ইরান সরকার এ বিষয়ে কোনো মন্তব্য করেনি।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

## ইরানের একটি লক্ষ্যবস্তুতে হামলার জবাবে দুটি হামলা চালানোর হুঁশিয়ারি

ইরানের রাষ্ট্রনিয়ন্ত্রিত গণমাধ্যম আইআরআইবি-এর ইংরেজি ভাষার চ্যানেল প্রেস টিভি একটি নিরাপত্তা সূত্রের বরাত দিয়ে জানিয়েছে, দেশের বিরুদ্ধে কোনো ধরনের হামলা চালানো হলে ইরান হরমুজ প্রণালি দিয়ে সব ধরনের সামুদ্রিক চলাচল বন্ধ করে দেবে। প্রতিবেদনটিতে ওই সূত্রের উদ্ধৃতি দিয়ে আরও বলা হয়, ইরানের কোনো লক্ষ্যবস্তুতে হামলা হলে এর জবাবে দেশটি অন্তত দুটি লক্ষ্যবস্তুতে আঘাত হানবে। সূত্রটি আরও বলেছে, "যুক্তরাষ্ট্র ও অঞ্চলে তার অংশীদারদের মধ্যে ইরান কোনো পার্থক্য করে না।" অন্যদিকে, ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) ঘনিষ্ঠ তাসনিম সংবাদ সংস্থা জানিয়েছে, ইসলামাবাদ যুদ্ধবিরতি চুক্তির "মৃত্যু" ট্রাম্প "আনুষ্ঠানিকভাবে ঘোষণা" করেছেন। সংবাদমাধ্যমটি আরও বলেছে, যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং অঞ্চল ও বিশ্বের বিভিন্ন স্থানে তাদের মিত্রদের মোকাবিলার জন্য ইরানের এখন "আরও স্পষ্ট ম্যান্ডেট" রয়েছে। এর আগে, ইরানের সর্বোচ্চ নেতার এক জ্যেষ্ঠ উপদেষ্টা ট্রাম্পের মন্তব্যের পর মধ্যপ্রাচ্য অঞ্চলে "আগুন" ছড়িয়ে পড়ার বিষয়ে সতর্ক করেছিলেন।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

## পারস্য উপসাগরে প্রায় ছয় হাজার নাবিক আটকা : আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থা

আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থার প্রধান বুধবার জানিয়েছেন, পারস্য উপসাগরে এখনো প্রায় ৬,০০০ নাবিক আটকা পড়ে আছেন। তিনি "সর্বোচ্চ সংযম ও উত্তেজনা প্রশমনের" আহ্বান জানিয়েছেন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সঙ্গে যুদ্ধবিরতি শেষ হয়েছে বলে ঘোষণা দেওয়ার পর এক বিবৃতিতে সংস্থাটির মহাসচিব আর্সেনিও ডোমিঙ্গেজ বলেন, "গত দুইদিনে হরমুজ প্রণালি অতিক্রমকারী কয়েকটি জাহাজের ওপর যে হামলা হয়েছে, আমি তার নিন্দা জানাই।" তিনি আরও বলেন, "এই বেপরোয়া হামলাগুলো আবারও নিরীহ নাবিকদের জীবনকে গুরুতর ঝুঁকির মুখে ফেলেছে।"(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের সম্মানী পর্যায়ক্রমে বাড়ানো হবে : প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, "সারাদেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের সম্মানী পর্যায়ক্রমে বাড়ানো হবে।" বুধবার বিকেলে কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহর এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী একথা সংসদকে জানান। বাংলাদেশের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা বাসস এ খবর প্রকাশ করেছে। তারেক রহমান বলেছেন, "স্বৈরাচার সরকারের সময় শুধু বিল্ডিং হয়েছে, কিন্তু হিউম্যান রিসোর্সের কোনো উন্নতি হয়নি। আমরা যদি আমাদের প্রাইমারি এবং সেকেন্ডারি শিক্ষকদের সঠিকভাবে ট্রেনিং দিতে না পারি, শুধু ট্রেনিং নয়, ট্রেনিংয়ের সাথে তাদের সম্মানী যদি বৃদ্ধি করতে না পারি, তাহলে আমরা তাদের কাছ থেকে ভালো কিছু প্রত্যাশা করতে পারি না।" প্রধানমন্ত্রী বলেন, "শিক্ষকদের সেকেন্ডারি এবং প্রাইমারি পর্যায়ে প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা সরকারের রয়েছে। একই সাথে পর্যায়ক্রমিকভাবে আমরা শিক্ষকদের সম্মানী বাড়ানো প্রয়োজন রয়েছে বলে মনে করি। এ কাজটি অবশ্যই করবো ইনশাআল্লাহ।" (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## প্রতিমন্ত্রীর পদমর্যাদায় জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি হলেন আইরিন খান

জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি হিসেবে মানবাধিকার কর্মী আইরিন খানকে নিয়োগ দিয়েছে বিএনপি সরকার। বুধবার মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি স্বাক্ষরিত এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, প্রতিমন্ত্রীর পদমর্যাদায় জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত হিসেবে আইরিন খানকে নিয়োগ দিয়েছে সরকার। এই পদে অধিষ্ঠিত থাকাকালে তিনি প্রতিমন্ত্রীর পদমর্যাদা, বেতন-ভাতাদি ও আনুষঙ্গিক সুযোগ-সুবিধা পাবেন বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য, আইরিন খান অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের সাবেক মহাসচিব ও জাতিসংঘে বিশেষ র্যা পোর্টিয়ার হিসেবে দ্বায়িত্ব পালন করেছেন।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## পাহাড়ধসে মৃত্যু, বন্যা, পরীক্ষা স্থগিত- টানা বৃষ্টিতে বাংলাদেশের কোথায় কী প্রভাব

বাংলাদেশে ছয়টি বিভাগের অধিকাংশ জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। টানা বৃষ্টি ও পাহাড়ি ঢলে কয়েকটি জেলার নিচু এলাকায় আকস্মিক বন্যা হয়েছে। আবার চট্টগ্রাম ও কক্সবাজারে পাহাড় ধসে অন্তত ১১ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। পার্বত্য জেলাগুলোতে অনেক এলাকা যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। আবহাওয়া অফিসের তথ্য অনুযায়ী, পার্বত্য জেলা বান্দরবান, রাঙামাটি ও বন্দর নগরী চট্টগ্রামে গত ২৪ ঘণ্টায় সর্বোচ্চ বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। বৈরী আবহাওয়া ও বন্যা পরিস্থিতি বিবেচনায় চট্টগ্রাম বোর্ডের অধীনে সব জেলার বুধবারের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়। রেল লাইন পানিতে ডুবে যাওয়ায় কক্সবাজারের সঙ্গে রেল যোগাযোগও মঙ্গলবার দুপুরের পর থেকেই বন্ধ রয়েছে। এদিকে, দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও উজানে ভারতের ত্রিপুরা ও পশ্চিমবঙ্গ প্রদেশে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হচ্ছে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এর ফলে দেশের উত্তর এবং পূর্বাঞ্চলের নদ-নদী, বিশেষ করে তিস্তা ও সুরমা নদী অববাহিকায় পানি বাড়তে শুরু করেছে। আগামী ২৪ থেকে ৭২ ঘণ্টায় সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, নেত্রকোনা, শেরপুর ও ময়মনসিংহ জেলার কিছু কিছু স্থানে নদ-নদীর পানি বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে বলেও জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র।

আবহাওয়া পূর্বাভাস অনুযায়ী, টানা বৃষ্টির এই প্রভাব আরও অন্তত তিনদিন অর্থাৎ ১১ জুলাই পর্যন্ত অব্যাহত থাকতে পারে। ফেনী, কুমিল্লা, নোয়াখালী, ময়মনসিংহ, সুনামগঞ্জসহ চট্টগ্রাম ও সিলেট বিভাগের অন্তত দশটি জেলার নদী তীরবর্তী নিচু এলাকায় এরই মধ্যে বন্যার শঙ্কা তৈরি হয়েছে। দেশের পার্বত্য জেলা এবং উত্তর ও উত্তরপূর্বাঞ্চলে কয়েকটি জেলার প্রশাসকদের সঙ্গে কথা বলে জানা গেছে যে, পরিস্থিতি বিবেচনায় আশ্রয়কেন্দ্র, শুকনা খাবার ও উদ্ধার পরিকল্পনাসহ সব ধরনের প্রস্তুতি নিয়ে রেখেছেন তারা। বন্যা ঝুঁকি রয়েছে এমন এলাকা থেকে বাসিন্দাদের সরে যেতে মাইকিং করা হয়েছে বলেও জানিয়েছেন তারা। এদিকে, ভারী বৃষ্টিপাতের কারণে দেশের যে-সব জেলায় দুর্যোগপূর্ণ পরিস্থিতি তৈরি হয়েছে, সেখানকার জেলা প্রশাসনকে সতর্ক করার পাশাপাশি দুর্যোগ ব্যবস্থাপনায় বাড়তি বরাদ্দ নিশ্চিত করা হয়েছে বলে জানিয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

### পাহাড় ধসে ১১ জনের মৃত্যু

কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে পাহাড়ধসে একটি মাদ্রাসার অন্তত আটজন শিক্ষার্থীর মৃত্যুর খবর পাওয়া গেছে। উখিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা পান্না আক্তার বিবিসি বাংলাকে জানান, "এখন পর্যন্ত বিভিন্ন বয়সি আট শিশুর মৃত্যুর খবর জানতে পেরেছি। এদের কেউ সাত, আট, এগারো বা বারো বয়সি শিশু রয়েছে।" ঘটনার সময় ওই মাদ্রাসায় ঠিক কতজন শিক্ষার্থী ছিল, সেটি এখনো নিশ্চিত নয় উল্লেখ করে মিজ আক্তার বলেন, "সেখানে সকালে ৩০ থেকে ৩৫ জন শিক্ষার্থী গিয়েছিল। কিন্তু দুপুরে টিফিনের সময় বেশিরভাগই বাড়ি চলে গিয়েছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে আমাকে।" সন্ধ্যার পর ফায়ার সার্ভিসের উদ্ধার কার্যক্রম বন্ধ রয়েছে বলেও জানান তিনি। এদিকে, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশন (আরআরআরসি) একটি সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, রোহিঙ্গা ক্যাম্পে পাহাড় ধসের এই ঘটনায় মোট ১৩ জন শিশুকে উদ্ধার করা হয়, যাদের মধ্যে আটজন শিশু মারা যায়। চারজন ঘটনাস্থলে ও চারজন হাসপাতালে নেওয়ার পর মারা যায় বলে জানায় তারা। বাকি পাঁচজন শিশুকে হাসপাতালসহ বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছে বলেও আরআরআরসি জানিয়েছে। এদিকে, চট্টগ্রাম জেলার সীতাকুন্ড, পাঁচলাইশ ও রাঙ্গুনিয়ায় পৃথক পাহাড়ধসের ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে বলেও জানা গেছে। সীতাকুন্ড উপজেলা নির্বাহী কর্মকর্তা ফখরুল ইসলাম জানিয়েছেন, জঙ্গল ছলিমপুরে বসতবাড়ির ওপর পাহাড়ের মাটি ধসে পড়ায় মৃত্যুর ঘটনা ঘটে। এঘটনায় একজন আহত হয়েছেন বলেও জানান তিনি।

### পরীক্ষা বাতিল, যোগাযোগ বিচ্ছিন্ন

ভারী বৃষ্টিতে এখন পর্যন্ত সব থেকে বেশি প্রভাব পড়েছে চট্টগ্রাম বিভাগে। ৪৮ ঘণ্টারও বেশি সময় ধরে রেকর্ড বৃষ্টিতে চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন স্থানে জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। পতেঙ্গা পোর্ট এলাকা, বাকলিয়াসহ নগরীর বিভিন্ন এলাকায় পানি জমে চরম জনদুর্ভোগের সৃষ্টি হয়েছে। চট্টগ্রামের ষোলশহর এলাকায় রেল লাইনের ওপর পানি জমে যাওয়ায় কক্সবাজারের সঙ্গে রেলযোগাযোগ মঙ্গলবার দুপুরের পর থেকে এখনো বন্ধ রয়েছে। দীর্ঘ সময় অপেক্ষার পর ঢাকা থেকে কক্সবাজারগামী পর্যটন এক্সপ্রেস ট্রেনের যাত্রা বাতিল করায় চরম ভোগান্তিতে পড়েন সাধারণ যাত্রীরা। এদিকে বুধবার সকালেও ঢাকা থেকে কক্সবাজারগামী একটি ট্রেন গন্তব্যে যেতে না পেরে চট্টগ্রাম থেকেই আবারও ঢাকার উদ্দেশ্যে ছেড়ে যায়। বুধবার দুপুরে চট্টগ্রাম রেলওয়ে স্টেশনের অ্যাসিস্ট্যান্ট অপারেটিং সুপারিনটেনডেন্ট আবু বকর ছিদ্দিকী বিবিসি বাংলাকে জানান, ষোলশহর-জান আলী হাট সেকশনে রেললাইনের ওপর জমে থাকায় কক্সবাজারের উদ্দেশ্যে ট্রেন ছাড়া সম্ভব হচ্ছে না। "কক্সবাজারের সঙ্গে রেল যোগাযোগ এখনো বিচ্ছিন্ন রয়েছে। আপাতত চট্টগ্রাম পর্যন্ত সার্ভিস দিয়ে যাচ্ছি আমরা। পরিস্থিতি উন্নতি হলেই কক্সবাজারে ট্রেন যাবে," বিবিসি বাংলাকে বলেন তিনি। পার্বত্য জেলা বান্দরবান, খাগড়াছড়ি ও রাঙামাটিতে মঙ্গলবার রাত থেকে টানা বৃষ্টিতে পরিস্থিতির অবনতি হয়েছে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য অনুযায়ী, সাঙ্গু নদীর পানি বান্দরবান পয়েন্টে ৯৬ সেন্টিমিটার এবং মাতামুহুরী নদীর পানি লামা পয়েন্টে ১৪ সেন্টিমিটার বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। নদ-নদীর পানি বৃদ্ধি

পাওয়ায় ফেনী ও নোয়াখালীতেও নিম্নাঞ্চল প্লাবিত হওয়ার শঙ্কা তৈরি হয়েছে। ফেনীর জেলা প্রশাসন জানিয়েছে, নদনদীর পানি এখনো বিপৎসীমার নিচ দিয়েই প্রবাহিত হচ্ছে। তবে উজানে ভারতের ত্রিপুরা এলাকায় ভারী বৃষ্টিপাত অব্যাহত থাকলে ফেনীসহ ওই অঞ্চলের পরিস্থিতি অবনতি হতে পারে। এমন প্রেক্ষাপটে বৈরী আবহাওয়া ও বন্যা পরিস্থিতির কারণে বুধবারের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করে চট্টগ্রাম বোর্ড। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. পারভেজ সাজ্জাদ জানান, বোর্ডের অধীনে থাকা বিভিন্ন জেলায় দুর্যোগপূর্ণ পরিস্থিতির কারণে বুধবারের এইচএসসি পরীক্ষা স্থগিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। "অনেক জায়গায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে, শিক্ষা প্রতিষ্ঠানে পানি উঠে গেছে, অনেক জায়গায় পাহাড়ধসের খবর পাওয়া গেছে- এমন প্রেক্ষাপটে পরীক্ষা স্থগিত করা হয়েছে। নিয়ম অনুযায়ী, সব পরীক্ষা শেষ হওয়ার পরে স্থগিত হওয়া পরীক্ষাটি নেওয়া হবে," বিবিসি বাংলাকে জানান মি. সাজ্জাদ।

**পর্যটন স্পট বন্ধ**

এদিকে, দুইদিন ধরে টানা বৃষ্টিতে বিভিন্ন সড়কে পানি উঠে যাওয়া এবং পাহাড়ধসের শঙ্কায় পার্বত্য জেলা বান্দরবান, রাঙামাটি এবং খাগড়াছড়ির পর্যটন স্পটগুলো বন্ধ রাখা হয়েছে। বান্দরবান জেলা প্রশাসক মো. সানিউল ফেরদৌস জানিয়েছেন, পর্যটকসহ সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিতে ১০ জুলাই পর্যন্ত বান্দরবানের সব পর্যটন কেন্দ্র বন্ধ ঘোষণা করা হয়েছে। গত দুইদিনে বান্দরবানের রুমা, রোয়াংছড়ি ও থানচিতে তিনটি পাহাড় ধসের ঘটনা ঘটেছে বলেও জানান তিনি। বৃষ্টির কারণে পাহাড়ি ঢল ও পাহাড় ধসের শঙ্কা থাকায় খাগড়াছড়িতেও পর্যটনকেন্দ্র বন্ধ রাখা হয়েছে। "খাগড়াছড়ি শহর পর্যন্ত যোগাযোগে এখন কোনো সমস্যা নেই। তবে রাঙামাটি জেলা প্রশাসন সাজেকে যাওয়া বন্ধ রেখেছে," বিবিসি বাংলাকে বলেন খাগড়াছড়ির জেলা প্রশাসক মো. আনোয়ার সাদাত। পর্যটন নগরী কক্সবাজারেও টানা বৃষ্টির কারণে সমুদ্র উপকূলবর্তী নয়টি গ্রাম প্লাবিত হয়েছে বলে জানা গেছে। আগের তুলনায় বৃষ্টিপাত কিছুটা কমলেও পাহাড়ধসের ঝুঁকি পুরোপুরি কাটেনি বলে জানিয়েছে জেলা প্রশাসন।

**বৃষ্টি কতদিন চলবে?**

মৌসুমি স্থল নিম্নচাপের কারণে বাংলাদেশের বিভিন্ন এলাকায় বৃষ্টি অব্যাহত রয়েছে। বিশেষ করে চট্টগ্রাম, পার্বত্য তিন জেলা, রংপুর ও সিলেটসহ দেশের ছয় বিভাগে ভারী থেকে অতি ভারী বৃষ্টির খবর দিয়েছে আবহাওয়া অফিস। খোঁজ নিয়ে জানা গেছে, বুধবার সকালেও চট্টগ্রাম বিভাগের বেশিরভাগ জেলায় বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। বিশেষ করে পার্বত্য জেলা রাঙামাটি, বান্দরবান এবং চট্টগ্রামে গত রাত থেকে সর্বোচ্চ বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। বুধবার সকাল ৬টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় বৃষ্টিপাত রেকর্ডের যে বার্তা আবহাওয়া অফিস দিয়েছে, সেখানে বান্দরবান জেলায় দেশের সব থেকে বেশি, ৩১৪ মিলিমিটার বৃষ্টি হয়েছে। এছাড়া রাঙামাটিতে ২৮৭ মিলিমিটার এবং চট্টগ্রামে ২৮৪ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করেছে আবহাওয়া অফিস। দেশের আটটি বিভাগের বেশিরভাগ জেলায় কমবেশি বৃষ্টিপাত হয়েছে বলে জানা গেছে। কিশোরগঞ্জের নিকলিতে ২৬৩ মিলিমিটার, ময়মনসিংহে ১৫১ মিলিমিটার, দিনাজপুরে ১০৭ মিলিমিটার এবং শ্রীমঙ্গলে ৯১ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। আবহাওয়া অফিস বলছে, বাংলাদেশের ওপর দিয়ে মৌসুমি বায়ু প্রবাহিত হওয়ায় বৃষ্টির এই প্রভাব ১১ জুলাই পর্যন্ত অব্যাহত থাকতে পারে। বুধবার রংপুর, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেটে বিভাগে ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে। এছাড়া ঢাকা ও রাজশাহী বিভাগে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে বলেও আবহাওয়া পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে। বৈরী আবহাওয়ার কারণে উত্তর বঙ্গোপসাগর ও উপকূলীয় এলাকায় তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত বহাল রেখেছে আবহাওয়া অধিদপ্তর। সমুদ্র উত্তাল থাকায় মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে সতর্কতার সঙ্গে চলাচলের পরামর্শ দেওয়া হয়েছে। চলতি মাসের ১২ তারিখ থেকে বৃষ্টির প্রভাব কমতে শুরু করবে বলেও জানিয়েছে আবহাওয়া অফিস।

**বন্যার শঙ্কা কতটা?**

মৌসুমি বায়ুর প্রভাবে দেশের বিভিন্ন স্থানে টানা বৃষ্টি এবং উজানে ভারতের ত্রিপুরা ও পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে টানা বৃষ্টিপাতের কারণে বাংলাদেশের উপকূলীয় অঞ্চল এবং নদী তীরবর্তী অপেক্ষাকৃত নিচু এলাকায় বন্যা পরিস্থিতির শঙ্কা তৈরি হয়েছে। এরই মধ্যে পার্বত্য জেলা বান্দরবান এবং চট্টগ্রামের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। আকস্মিক বন্যার কবলে পড়েছেন এসব জেলার নদী তীরবর্তী এলাকার অনেক মানুষ। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র জানিয়েছে, বুধবার সকাল ৯টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় উজানে ভারতের কোচবিহারে ১০৪ মিলিমিটার, আগরতলায় ৮৮ মিলিমিটার, সাবরুমে ৮৫ মিলিমিটার এবং ত্রিপুরার মনুঘাটে ৮৩ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এছাড়া ত্রিপুরার কুমারঘাট, অমরপুর, কৈলাশশহর, খোয়াই এবং আসামের সিলচরেও অধিক মাত্রায় বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। উজানে ভারতের এই জায়গাগুলোতে আরও বৃষ্টিপাতের সম্ভাবনা থাকায় বাংলাদেশের উত্তরাঞ্চলের বিভিন্ন জেলা, সিলেট বিভাগ ও ফেনী, নোয়াখালীর নদনদীতে পানি আরও বৃদ্ধির শঙ্কা তৈরি হয়েছে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বলছে, বুধবার সকাল ৯টা পর্যন্ত দেশের বেশিরভাগ নদ-নদীর পানিই বেড়েছে। বান্দরবানের সাঙ্গু এবং মাতামুহুরী নদীর পানি বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের ১২৭টি সমতল পর্যবেক্ষণ স্টেশনের মধ্যে ৬৯টিতেই নদ-নদীর পানি বৃদ্ধির তথ্য পাওয়া গেছে। অভ্যন্তরীণ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত এবং উজানের প্রতিবেশী দেশের বিভিন্ন পয়েন্টে বৃষ্টি অব্যাহত থাকায়, বাংলাদেশের অনেক জেলায়

বন্যার শঙ্কা তৈরি হয়েছে। চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগের বিভিন্ন জেলায় স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির পূর্বাভাস দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এছাড়া ভারতের আসাম, মেঘালয়, ত্রিপুরা এবং পশ্চিমবঙ্গে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোণা, শেরপুর ও ময়মনসিংহ জেলার নদ-নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হতে পারে। এসব জেলার নদী তীরবর্তী নিম্নাঞ্চল সাময়িকভাবে প্লাবিত হতে পারে বলেও জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এছাড়া, রংপুরের তিস্তা নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়ে নীলফামারী ও লালমনিরহাট জেলার নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি তৈরি করতে পারে বলেও জানানো হয়েছে।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের নির্বাহী প্রকৌশলী সর্দার উদয় রায়হান বলছেন, আগামী তিন থেকে চারদিন ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় দেশের উত্তর ও দক্ষিণ পূর্বাঞ্চলের বিভিন্ন জেলায় নদ-নদীর পানি বেড়ে আকস্মিক বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে। তবে, "তিন থেকে চারদিন পর বৃষ্টির মাত্রা কমে আসার সঙ্গে সঙ্গে নদ-নদীর পানিও কমতে শুরু করবে। ফলে এখনই বন্যা স্থায়ী রূপ নেওয়ার শঙ্কা কম," বিবিসি বাংলাকে বলেন তিনি। দুর্যোগপূর্ণ পরিস্থিতি মোকাবিলায় সব ধরনের প্রস্তুতি রাখার কথা জানিয়েছেন পার্বত্য জেলা খাগড়াছড়ি ও বান্দরবানের জেলা প্রশাসকরা। তারা বলছেন, পাহাড়ধসের শঙ্কা থাকায় ঝুঁকিপূর্ণ এলাকা থেকে মানুষকে সরে যেতে নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া আশ্রয়কেন্দ্র ও শুকনো খাবার প্রস্তুত রাখা হয়েছে। "ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসকারীদের আশ্রয়কেন্দ্রে আসার জন্য মাইকিং করা হচ্ছে। পাহাড়ধসের কারণে মঙ্গলবার একটি সড়ক বন্ধ হলেও সেটি ইতোমধ্যে চলাচলের উপযোগী করা হয়েছে," বিবিসি বাংলাকে জানান খাগড়াছড়ির জেলা প্রশাসক মো. আনোয়ার সাদাত। তবে, পাহাড়ি এলাকায় বসবাসরত বাসিন্দাদের সরিয়ে নেওয়ার ক্ষেত্রে বেশ বেগ পেতে হচ্ছে বলে জানিয়েছেন চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নাজমুল হাসান। "আমরা মাইকিং অব্যাহত রেখেছি, আশ্রয়কেন্দ্রও সচল, কিন্তু অনেকেই তার বসতবাড়ি ছেড়ে যেতে চাইছেন না। কেউ কেউ কাছাকাছি নিজেদের আত্মীয়-স্বজনদের বাড়িয়ে আশ্রয় নিয়েছেন," বিবিসি বাংলাকে বলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## পৃথক দুইটি পাহাড়ধসের ঘটনায় চট্টগ্রামে দুই শিশুর মৃত্যু

পৃথক দুইটি পাহাড়ধসের ঘটনায় চট্টগ্রামে দুই শিশু মারা গেছে। বুধবার সকালে চট্টগ্রাম নগরের চশমা হিলের মেয়র গলি ও সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরে এই দুটি ঘটনা ঘটেছে। চট্টগ্রাম ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষ থেকে চশমা হিলের মেয়র গলিতে এক শিশু নিহত হওয়ার তথ্য নিশ্চিত করা হয়েছে। মেয়র গলি এলাকায় পাহাড়ধসে নিহত ১২ বছর বয়সি শিশুটির নাম সামিয়া ইসলাম। পরে দুপুরে তার মরদেহ উদ্ধার করা হয়েছে। বেলা সাড়ে এগারোটা নাগাদ এই ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন চট্টগ্রাম ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষের দ্বায়িত্বরত কর্মকর্তা। অন্যদিকে, গত চারদিন ধরে সীতাকুণ্ডে টানা বর্ষণ হচ্ছে। বুধবার সকালে জঙ্গল সলিমপুরে বাগানবাড়ি এলাকায় পাহাড়ধসে আশরাফুল ইসলাম তানভীর নামে ১০ মাস বয়সি এক শিশু মারা গেছে। সীতাকুণ্ডের উপজেলা নির্বাহী কর্মকর্তা(ইউএনও) মো. ফখরুল ইসলাম বিষয়টি বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## সংবিধানের পঞ্চদশ সংশোধনী মামলার আপিলের রায় কাল

সংবিধানের পঞ্চদশ সংশোধনীর অংশবিশেষ অসাংবিধানিক ও বাতিল ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে আপিলের রায় আগামীকাল বৃহস্পতিবার। টানা তিনদিন শুনানির পর বুধবার প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন চার বিচারপতির আপিল বিভাগ রায়ের দিন ধার্য করেন। বাংলাদেশের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এ খবর প্রকাশ করেছে। পঞ্চদশ সংশোধনী নিয়ে হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে সুশাসনের জন্য নাগরিক (সুজন) সম্পাদক বদিউল আলম মজুমদারসহ চার ব্যক্তি একটি এবং নওগাঁর বাসিন্দা মো. মোফাজ্জল হোসেন আরেকটি আপিল করেন। এছাড়া জামায়াতে ইসলামীর পক্ষ থেকে দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার অপর আপিলটি করেন। তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলোপসহ বেশ কিছু বিষয়ে পরিবর্তন এনে ২০১১ সালের ৩০ জুন পঞ্চদশ সংশোধনী আইন জাতীয় সংসদে পাস হয়। তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলোপসহ ওই সংশোধনীতে সংবিধানে ৫৪টি ক্ষেত্রে পরিবর্তন এসেছিল। চব্বিশের জুলাই গণ-অভ্যুত্থানের পর পঞ্চদশ সংশোধনীর পুরো আইন ও আইনের কয়েকটি ধারার বৈধতা নিয়ে সুজন সম্পাদকসহ পাঁচ ব্যক্তি একটি এবং নওগাঁর বাসিন্দা মো. মোফাজ্জল হোসেন হাইকোর্টে পৃথক রিট হয়। এসব রিটের শুনানি শেষে ২০২৪ সালের ১৭ ডিসেম্বর হাইকোর্ট রায় দেন।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র-ইরান পাল্টাপাল্টি হামলার পর বাড়ছে তেলের দাম, এমার মোরেও, বিজনেস রিপোর্টার

ইরান-যুক্তরাষ্ট্র পাল্টাপাল্টি হামলার পর তেলের দামে উর্ধ্বগতি দেখা গেছে। বিশেষ করে যুদ্ধবিরতি "শেষ" বলে ডোনাল্ড ট্রাম্পের ঘোষণার পর তেল ব্যবসায়ীরা দ্রুত প্রতিক্রিয়া দেখিয়েছেন। তিনি ওই মন্তব্য করার ঠিক আগে আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট ক্রুড তেলের এক ব্যারেলের দামছিল ৭৬ ডলারের সামান্য নিচে। কিন্তু ট্রাম্পের মন্তব্যের পরই তা ৭৮ডলার ছাড়িয়ে যায় এবং আরও বাড়তে দেখা যাচ্ছে। গত মাসে যুক্তরাষ্ট্র ওইরানের মধ্যে স্বাক্ষরিত যুদ্ধবিরতি চুক্তির পর তেলের দাম যুদ্ধের আগের পর্যায়ে নেমে এসেছিল। তবে রাতভর ইরান ও যুক্তরাষ্ট্রের পাল্টাপাল্টি হামলার পর থেকেই তেলের দাম ধীরে ধীরে বাড়ছিল। কিন্তু নতুন এই হামলাগুলো গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি দিয়ে জাহাজ

চলাচল নিয়ে আবারও উদ্বেগ তৈরি করবে। স্বাভাবিক পরিস্থিতিতে বিশ্বের মোট তেলের প্রায় পাঁচভাগের একভাগ এই প্রণালি দিয়ে পরিবাহিত হয়।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## ইরান পিছু হটবে না বা আত্মসমর্পণ করবে না : গালিবাফ

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পাল্টাপাল্টি হামলার কয়েক ঘণ্টা পর ইরানের আলোচনা দলের প্রধান মোহাম্মদ বাঘের গালিবাফ সামাজিক যোগাযোগমাধ্যম এক্স এ একটি পোস্টে লিখেছেন, “আমরা পিছু হটা বা আত্মসমর্পণ করার পাত্র নই।” যুদ্ধবিরতি লঙ্ঘনের ঘটনাগুলো উল্লেখ করে ইরানি পার্লামেন্টের স্পিকার যুক্তরাষ্ট্রকে উদ্দেশ করে লিখেছেন, “দাদাগিরি এবং ব্ল্যাকমেইলের দিন শেষ, আপনারা কোথাও পৌঁছাতে পারবেন না।” “হরমুজ প্রণালিতে ইরানের ওপর বিধি-নিষেধ আরোপ,” “নতুন করে সামরিক হামলার ক্রমাগত হুমকি,” “ইরানের দক্ষিণাঞ্চলে আক্রমণ,” “তেল খাতের ওপর পুনরায় নিষেধাজ্ঞা আরোপ” এবং লেবাননে ইসরায়েলের অব্যাহত আগ্রাসন ও হামলাকে যুক্তরাষ্ট্রের সাথে হওয়া ১৪ দফার সমঝোতার লঙ্ঘন বলে অভিহিত করেছেন গালিবাফ।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## বাহরাইনে মার্কিন ঘাঁটিতে হামলার দাবি ইরানি সামরিক বাহিনীর

বাহরাইনে অবস্থিত শেখ ইসা ঘাঁটিতে মার্কিন স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করে হামলার দাবি করেছে ইরানি সেনাবাহিনী। তাদের জনসংযোগ বিভাগ জানিয়েছে, ইরানের দক্ষিণাঞ্চলে সামরিক ও বেসামরিক এলাকায় আমেরিকার আগ্রাসী হামলা এবং সমঝোতা স্মারকের ১৪ নম্বর অনুচ্ছেদের বিধান লঙ্ঘনের জবাবে এই হামলা চালানো হয়েছে। সেনাবাহিনীর বিবৃতিতে বলা হয়েছে, 'হামলাকারী ড্রোন' ব্যবহার করে শেখ ইসা ঘাঁটিতে “শত্রু আমেরিকান বাহিনীর সমাবেশ কেন্দ্রগুলোকে” লক্ষ্যবস্তু করেছে। ইরানি সেনাবাহিনী “যুদ্ধবিরতি লঙ্ঘনের পরিণতি” সম্পর্কে সতর্ক করে লিখেছে, “এই অঞ্চলের সব আমেরিকান ঘাঁটি ইরানি সেনাবাহিনীর ড্রোনের বৈধ লক্ষ্যবস্তু হবে।” রেভল্যুশনারি গার্ডস (আইআরজিসি) দক্ষিণ ইরানে যুক্তরাষ্ট্রের ডজনখানেক হামলার জবাবে বাহরাইন ও কুয়েতে ৮৫টি মার্কিন সংশ্লিষ্ট সামরিক লক্ষ্যবস্তুতে হামলা চালানোর কথা ঘোষণা করার কয়েক ঘণ্টা পরই ইরানি সামরিক বাহিনীর এই হামলার খবর এসেছে।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর সাথে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীর বৈঠক

বাংলাদেশ ও পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীদের মধ্যে মঙ্গলবার এক দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে হওয়া ওই বৈঠকে পাকিস্তানের ইন্টেরিয়র (স্বরাষ্ট্র) মন্ত্রী সৈয়দ মহসিন নাকভী এবং বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ দ্বিপাক্ষিক নিরাপত্তা সহযোগিতা, আঞ্চলিক স্থিতিশীলতা, মাদক চোরাচালান প্রতিরোধ, আধুনিক নগর নিরাপত্তা নিশ্চিতকরণ, পুলিশ বাহিনীর সক্ষমতা বৃদ্ধিসহ নানা বিষয়ে আলোচনা করেন। বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ পাকিস্তানে বসবাসরত বাংলাদেশি বংশোদ্ভূত নাগরিকদের মানবিক সংকটের ব্যাপারটি তুলে জানান যে, প্রয়োজনীয় পারিবারিক নথিপত্রের অভাবে অনেক বাংলাদেশি বংশোদ্ভূত পাকিস্তানি নাগরিক এবং তাদের পরিবারের সদস্যরা দেশটির ‘কম্পিউটারাইজড ন্যাশনাল আইডেন্টিটি কার্ড’ প্রাপ্তিতে জটিলতার সম্মুখীন হচ্ছেন। এর ফলে তারা শিক্ষা ও স্বাস্থ্যসেবার মতো মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। এ বিষয়ে উদ্বেগ প্রকাশ করে মন্ত্রী বিষয়টিকে সম্পূর্ণ মানবিক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করতে এবং এর দ্রুত স্থায়ী সমাধানের জন্য পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানান। বাংলাদেশ পুলিশের পেশাদারিত্ব ও দক্ষতা বাড়াতে পুলিশ কর্মকর্তাদের উচ্চতর প্রশিক্ষণ প্রদানে পাকিস্তানের সহযোগিতা কামনা করেন স্বরাষ্ট্রমন্ত্রী। এছাড়া, রোহিঙ্গা সংকট প্রসঙ্গে পাকিস্তানের কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানান স্বরাষ্ট্রমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## ইরানের সঙ্গে যুদ্ধবিরতি ‘শেষ’- বললেন ট্রাম্প

তুরস্কে নেটো শীর্ষ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিতে গিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের শাসনব্যবস্থাকে “অশুভ মানুষদের” শাসন বলে বর্ণনা করেন এবং প্রশাসনকে “উন্মাদ” বলে অভিহিত করেন। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি নিয়ে প্রশ্ন করা হলে ডোনাল্ড ট্রাম্প বলেন, “আমার মনে হয় এটা শেষ।” নেটো শীর্ষ সম্মেলনে সাংবাদিকদের তিনি বলেন, “আমি আর তাদের সঙ্গে কোনো সম্পর্ক রাখতে চাই না, তারা নিকৃষ্ট।” “এরা দুষ্ট ও অসুস্থ লোক,” মার্কিন প্রেসিডেন্ট বলেন, “এরা ক্যান্সারের মতো এবং আপনারা জানেন আপনাদের কী করতে হবে- শুরুতেই ক্যান্সারকে ছেঁটে ফেলতে হবে।” এ বিষয়ে আরও প্রশ্ন করা হলে ট্রাম্প তার আলোচক দলের বিষয়ে বলেন, “তারা কথা বলতে পারে, কিন্তু আমার মনে হয় তারা সময় নষ্ট করছে।” “সত্যি বলতে, আমি তাদের পেছনে আমার সময় নষ্ট করতে চাই না।” “আমার দৃষ্টিতে এটা শেষ। তাদের সঙ্গে আলোচনা করা সময়ের অপচয়, তারা মিথ্যাবাদী।” একইসঙ্গে তিনি যুক্তরাষ্ট্রের সেই অবস্থান পুনর্ব্যক্ত করেন যে, তেহরানকে পারমাণবিক অস্ত্র তৈরির সুযোগ দেওয়া যাবে না। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## অর্থপাচারের মামলায় আওয়ামী লীগ নেতা এনামুল হক এনু এবং রুপন ভুঁইয়ার ১০ বছরের কারাদণ্ড

অর্থ পাচারের আরেকটি মামলায় গেন্ডারিয়া থানা আওয়ামী লীগের নেতা এনামুল হক এনু এবং তার ভাই রুপন ভুঁইয়াকে ১০ বছর করে কারাদণ্ড দিয়েছেন আদালত। বুধবার ঢাকার বিশেষ জজ আদালত-৮ এর বিচারক নূরে আলম ভুঁইয়া এই মামলার রায় ঘোষণা করেন। একইসঙ্গে, তাদেরকে ৬৪ কোটি ৬২ লাখ এক হাজার ২০০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। এই টাকা না দিলে তাদের আরো ছয় মাস সশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে বলে রায়ে উল্লেখ করেছেন আদালত। তবে অর্থপাচারের সাথে সংশ্লিষ্টতা প্রমাণিত না হওয়ায় বাকি আট আসামিকে খালাস দিয়েছেন আদালত। তারা হলেন, সাইফুল ইসলাম, তুহিন মুন্সী, নবীর হোসেন শিকদার, জয়গোপাল সরকার, পাভেল রহমান, শহিদুল হক ভুঁইয়া, রশিদুল হক ভুঁইয়া ও মেরাজুল হক ভুঁইয়া শিপলু। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রের ৮৫টি সামরিক লক্ষ্যবস্তুতে হামলার দাবি আইআরজিসির

ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) এক বিবৃতিতে জানিয়েছে, বুধবার সকালে দক্ষিণ ইরানে সেন্টকম পরিচালিত ৮০টি লক্ষ্যবস্তুর ওপর হামলার জবাবে তারা যুক্তরাষ্ট্রের সামরিক স্থাপনাগুলোকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। বাহিনীটি বলেছে, তাদের "প্রাথমিক প্রতিক্রিয়ায়" উপসাগরীয় অঞ্চলে অবস্থিত মার্কিন সামরিক স্থাপনাগুলোর ৮৫টি লক্ষ্যবস্তুতে আঘাত হানা হয়েছে। ৮ জুলাই বুধবার সথানীয় সময় সকালে প্রকাশিত এই বিবৃতিতে আইআরজিসি বলেছে, "এই আগ্রাসনের প্রাথমিক প্রতিক্রিয়ায় ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর নৌ ও মহাকাশ ইউনিট যৌথ ক্ষেপণাস্ত্র ও ড্রোন অভিযানের মাধ্যমে পোর্ট সালমান, বাহরাইনের পঞ্চম সামুদ্রিক অঞ্চল এবং কুয়েতের আলি আল-সালেম বিমানঘাঁটিতে অবস্থিত যুক্তরাষ্ট্রের ৮৫টি গুরুত্বপূর্ণ সামরিক স্থাপনা ধ্বংস করেছে। একইসঙ্গে অভিযানে হস্তক্ষেপের চেষ্টা করা শত্রুপক্ষের একটি এমকিউ-৯ ড্রোন ভূপাতিত করা হয়েছে।" এই ঘোষণার আগে কুয়েতের সেনাবাহিনী জানিয়েছিল, তারা "ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা" বলে দাবি করা ঘটনার প্রতিক্রিয়ায় তাদের প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করেছে। একই সময়ে বাহরাইনে সতর্কতামূলক সাইরেন বেজে ওঠার খবরও পাওয়া যায়। কুয়েত ও বাহরাইনে যুক্তরাষ্ট্রের সামরিক লক্ষ্যবস্তুতে হামলার বিষয়ে আইআরজিসির এই ঘোষণা এমন সময়ে প্রকাশিত হলো, যখন মঙ্গলবার হরমুজ প্রণালিতে তিনটি তেলবাহী জাহাজে হামলার ঘটনায় নিজেদের সংশ্লিষ্টতা অস্বীকার করেছে ইরান। ওই হামলাগুলো ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে নতুন সামরিক সংঘাতের সূচনা করে। কাতার, সৌদি আরব এবং যুক্তরাষ্ট্র এসব হামলার জন্য আইআরজিসিকে দায়ী করেছে। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র আজ রাতে ইরানে 'কঠোর হামলা' চালাবে : ট্রাম্প

ইরানে হামলার প্রসঙ্গে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, "গত রাতে আমরা তাদের খুব কঠোরভাবে আঘাত করেছি, খুবই কঠোরভাবে।" যুক্তরাষ্ট্র "সম্ভবত আজ রাতেও তাদের ওপর কঠোর হামলা চালাবে," যুক্ত করেন তিনি। নেটো শীর্ষ সম্মেলনে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কথা বলার সময় এই মন্তব্য করেন ট্রাম্প। তিনি বলেন, "আমি তাদের সামান্য সতর্কবার্তা দিয়েছিলাম। আমরা আজ রাতেও তাদের ওপর কঠোর হামলা চালাতে যাচ্ছি।" (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

## বাংলাদেশের আট বিভাগেই ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা

সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে পরবর্তী ৪৮ ঘণ্টায় ঢাকাসহ বাংলাদেশের আট বিভাগেই ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বুধবার আবহাওয়াবিদ হাফিজুর রহমান স্বাক্ষরিত ভারী বৃষ্টিপাতের এক সতর্কবার্তায় এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, বুধবার বিকেল ৩টা থেকে পরবর্তী ৪৮ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। একইসঙ্গে, ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে চট্টগ্রাম মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতাসহ চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধস হতে পারেও সতর্ক করেছে আবহাওয়া অধিদপ্তর।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

## বান্দরবান ও কক্সবাজার জেলায় বন্যা পরিস্থিতির অবনতির সতর্কতা

আগামী ২৪ থেকে ৭২ ঘণ্টায় বান্দরবান ও কক্সবাজার জেলার বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে বাংলাদেশের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। বুধবার বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি শীর্ষক এক পূর্বাভাসে এই তথ্য জানিয়েছে কেন্দ্রটি। তারা বলছে, গত ২৪ ঘণ্টায় দেশের ভেতরে রংপুর, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগে অতি ভারী এবং উজানে ভারতের মেঘালয়, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও অরুণাচল প্রদেশে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হয়েছে। এর ফলে আগামী ২৪ থেকে ৭২ ঘণ্টায় বান্দরবান, কক্সবাজার জেলার বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে এবং ফেনী, চট্টগ্রাম ও খাগড়াছড়ি জেলার নদীগুলো কিছু কিছু স্থানে বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়ে নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে। চট্টগ্রাম বিভাগের পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় গোমতী, মুহুরী, ফেনী, সেলোনিয়া, হালদা, সাঙ্গু ও মাতামুহুরী নদীর পানি সমতলে বৃদ্ধি পেয়েছে, যা আগামী তিনদিনেও দ্রুত বৃদ্ধি পেতে পারে। বান্দরবানে সাঙ্গু নদী ও মাতামুহুরী নদী লামা স্টেশনে এরইমধ্যে বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়াও লক্ষ্মীপুর ও নোয়াখালী জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও

সাময়িকভাবে প্লাবিত হতে পারে। একইসঙ্গে সিলেট ও ময়মনসিংহ বিভাগেও গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলীয় মনু, ধলাই, খোয়াই, কংস, সারিগোয়াইন, সোমেশ্বরী, যাদুকাটা ও ভুগাই নদীর পানি সমতল বৃদ্ধি পেয়েছে। পরবর্তী তিনদিনেও পানি দ্রুত বৃদ্ধি পেতে পারে। আগামী ২৪ থেকে ৭২ ঘণ্টায় এই নদীগুলো সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, নেত্রকোনা, শেরপুর ও ময়মনসিংহ জেলার কিছু কিছু স্থানে বিপদসীমারওপর দিয়ে প্রবাহিত হতে পারে ও নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস কেন্দ্র।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

## চট্টগ্রাম-কক্সবাজার রেলপথ থেকে পানি না সরা পর্যন্ত ট্রেন চলাচল বন্ধ থাকবে

চট্টগ্রাম-কক্সবাজার রেলপথের একাংশ পানির নিচে তলিয়ে যাওয়ায় এবং আবহাওয়া পরিস্থিতির উন্নতি ও পানি না সরা পর্যন্ত ট্রেন চলাচল বন্ধ থাকবে। বুধবার রেল প্রতিমন্ত্রী হাবিবুর রশীদ ঘটনাস্থল পরিদর্শন করে এ কথা জানিয়েছেন। মঙ্গলবার সকালে ঢাকা থেকে যাওয়া পর্যটক এক্সপ্রেস ট্রেনটি দুপুর সাড়ে বারোটায় চট্টগ্রামের সুন্নিয়া মাদ্রাসা এলাকায় গিয়ে পানির কারণে আর এগোতে পারেনি। এরপর থেকে বুধবার পর্যন্ত আর কোনো ট্রেন ছেড়ে যায়নি। তিনি জানিয়েছেন, এই রেলপথ আরো পাঁচ ফুট উঁচু করার পরিকল্পনা রয়েছে সরকারের। "এই জায়গায় দুই-তিন ফুট বাড়লেও তখন রেল চলাচলে সমস্যা হবে না। আমাদের সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা হচ্ছে এটাকে আরো উচ্চতা বাড়িয়ে পাঁচ ফিট করা। তবে দুইদিন যাবত যে বৃষ্টিপাত হচ্ছে, এটা আসলে রেকর্ডসংখ্যক বৃষ্টি, অনেকেই বলে, গত ৪৫ বছরের এমন বৃষ্টিপাত হয়নি," বলেন মি. রশীদ। একইসঙ্গে, যারা টিকেট কেটে গন্তব্যস্থলে যেতে পারছেন না, তাদের টাকা ফেরত দেওয়া হবে বলেও জানিয়েছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

## উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে পাহাড় ধসে অন্তত আট মাদ্রাসা শিক্ষার্থীর মৃত্যু

কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে পাহাড়ধসে একটি মাদ্রাসার অন্তত আটজন শিক্ষার্থীর মৃত্যুর খবর বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা পান্না আক্তার। তিনি বলছেন, "এখন পর্যন্ত বিভিন্ন বয়সি আট শিশুর মৃত্যুর খবর জানতে পেরেছি। এদের কেউ সাত, আট, এগারো বা বারো বয়সি শিশু রয়েছে। তাদের মধ্যে দুইজন ঘটনাস্থলে এবং ছয় জন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।" ঘটনার সময় ওই মাদ্রাসায় ঠিক কতজন শিক্ষার্থী ছিল, সেটি এখনো নিশ্চিত নয় উল্লেখ করে মিজ আক্তার বলেন, "সেখানে সকালে ৩০ থেকে ৩৫ জন শিক্ষার্থী গিয়েছিল। কিন্তু দুপুরে টিফিনের সময় বেশিরভাগই বাড়ি চলে গিয়েছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে আমাকে।" ফায়ার সার্ভিস এখন উদ্ধার কার্যক্রম বন্ধ করেছে বলে জানান তিনি। এদিকে, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশন (আরআরআরসি) একটি সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, রোহিঙ্গা ক্যাম্পে পাহাড় ধসের এই ঘটনায় মোট ১৩ জন শিশুকে উদ্ধার করা হয়, যাদের মধ্যে আটজন শিশু মারা যায়। চারজন ঘটনাস্থলে ও চারজন হাসপাতালে নেওয়ার পর মারা যায় বলে জানায় তারা। বাকি পাঁচজন শিশুকে হাসপাতালসহ বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছে বলেও আরআরআরসি জানিয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

## 'পুশ-ইনের' এক বছর পর চাঁপাইনবাবগঞ্জ সীমান্ত দিয়ে চারজনকে ভারতের কাছে হস্তান্তর

শিশুসহ চারজনকে বাংলাদেশে 'পুশ-ইনের' এক বছর পর তাদের চাঁপাইনবাবগঞ্জ সীমান্ত দিয়ে হস্তান্তর করা হয়েছে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী, বিএসএফের কাছে। তাদেরকে কুড়িগ্রাম সীমান্ত দিয়ে 'পুশ-ইন' করা হয়েছিল। বুধবার বিকেলে চাঁপাইনবাবগঞ্জের সোনা মসজিদ স্থলবন্দর ইমিগ্রেশন দিয়ে তাদেরকে বিএসএফের নিকট হস্তান্তর করা হয় বলে নিশ্চিত করেছে বিজিবির একটি সূত্র। ভারতে ফেরত চার নাগরিকের মধ্যে শিশু ও কিশোর রয়েছে। চারজন হলেন- সুইটি বিবি, কুরবান শেখ, ইমাম, ও দানেশ। এর আগে, গত বছরের জুনে কুড়িগ্রাম সীমান্ত দিয়ে এই চারজনসহ মোট ছয়জনকে 'পুশ-ইন' করে বিএসএফ। পরে আদালতের নির্দেশে গত বছরের ৫ ডিসেম্বর সোনালী বেগম ও তার ছেলে সাব্বিরকে ফেরত নেয় ভারতীয় কর্তৃপক্ষ। বুধবার ফেরত যাওয়া ভারতীয় নাগরিকরা পশ্চিমবঙ্গের বীরভূম জেলার বাসিন্দা বলে জানা গেছে। 'পুশ-ইনের' পর গত ২০ অগাস্ট চাঁপাইনবাবগঞ্জ জেলা পুলিশ অবৈধভাবে অনুপ্রবেশের দায়ে তাদেরকে আটক করে। পরে বিজিবিকে সোপর্দ করলে তাদের বিরুদ্ধে মামলা করা হয় এবং তারা তিন মাস কারাবরণ করে। পরে এক জিম্মাদারের বাসায় অবস্থান করছিলেন তারা।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## যে-কোনো মার্কিন হামলার জবাবে ইরান হরমুজ প্রণালি বন্ধ করবে ও দ্বিগুণ হামলা চালাবে : ইরান

ইরান স্পষ্টভাবে জানিয়েছে যে, হরমুজ প্রণালির ব্যবস্থাপনা থেকে তারা কোনোভাবেই সরে দাঁড়াবে না এবং এই কৌশলগত জলপথের ওপর নিজেদের নিয়ন্ত্রণ বজায় রাখতে প্রয়োজনে যুদ্ধ করতেও প্রস্তুত। বুধবার প্রেস টিভিকে এ কথা জানিয়েছেন একটি অবগত নিরাপত্তা সূত্র। সূত্রটি জানায়, গত ৪৮ ঘণ্টার ঘটনাপ্রবাহ তেহরানের অবস্থানকে আরও দৃঢ় করেছে এবং এ বিষয়ে একটি নতুন সামরিক ও কৌশলগত নীতি গ্রহণ করা হয়েছে। সূত্রের ভাষ্য অনুযায়ী, ইরানের হালনাগাদ কৌশল অনুযায়ী দেশটির ভূখণ্ড বা স্বার্থের বিরুদ্ধে নতুন করে কোনো হামলা হলে ইসলামী প্রজাতন্ত্র সর্বোচ্চ শক্তি দিয়ে জবাব দেবে। তিনি আরও বলেছেন, ইরানের নতুন প্রতিশোধমূলক নীতির অধীনে ইরানের বিরুদ্ধে

যে-কোনো হামলার পর তাৎক্ষণিকভাবে দুটি পদক্ষেপ নেওয়া হবে। প্রথমত, হরমুজ প্রণালি সব ধরনের নৌযান চলাচলের জন্য সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া হবে। দ্বিতীয়ত, শত্রুপক্ষের লক্ষ্যবস্তুতে কমপক্ষে দুই-এক অনুপাতে হামলা চালানো হবে। অর্থাৎ, ইরানের একটি লক্ষ্যবস্তুতে হামলা হলে জবাবে অন্তত দুটি শত্রু লক্ষ্যবস্তুতে আঘাত হানা হবে। সূত্রটি আরও বলেন, “এ বিষয়ে স্বাক্ষরিত সমঝোতা স্মারকে (MoU) স্পষ্টভাবে উল্লেখ রয়েছে যে, ইরান নিজস্ব ব্যবস্থাপনা অনুযায়ী হরমুজ প্রণালি পুনরায় খুলে দেবে। তাই ইরান তার নির্ধারিত কাঠামোর বাইরে কোনো নতুন নৌপথ প্রতিষ্ঠার অনুমতি দেবে না।”

সাম্প্রতিক সময়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যে হুমকি দিয়েছেন, সে বিষয়েও ওই সূত্র ওয়াশিংটনের উদ্দেশ্যে কঠোর বার্তা দিয়েছে। সূত্রটি প্রেস টিভিকে জানায়, “যে-কোনো হুমকির জবাব শক্তিশালীভাবে দেওয়া হবে। ইরান মার্কিন যুক্তরাষ্ট্র ও এ অঞ্চলে তার মিত্রদের মধ্যে কোনো পার্থক্য করে না।” তিনি আরও বলেন, “ট্রাম্প সাম্প্রতিক হুমকি দিয়ে কোনো লাভ করবেন না। বরং তিনি নিশ্চিতভাবেই হরমুজ প্রণালি এবং চূড়ান্ত চুক্তি নিয়ে চলমান আলোচনা- উভয়ই হারাবেন। এখন সিদ্ধান্ত তার।” এই সতর্কবার্তা এমন এক সময়ে এসেছে, যখন পারস্য উপসাগরীয় অঞ্চলে উত্তেজনা বেড়েছে। বুধবার ভোরে মার্কিন বাহিনী ইরানের উপকূলীয় এলাকায় নতুন করে অবৈধ ও উসকানিমূলক হামলা চালায়। প্রতিবেদন অনুযায়ী, যুক্তরাষ্ট্র ইরানের দক্ষিণাঞ্চলের হরমোজগান প্রদেশ এবং মাহশাহর এলাকার কয়েকটি উপকূলীয় ঘাঁটি ও বেসামরিক স্থাপনায় সামরিক হামলা চালায়, যা প্রকাশ্যেই যুদ্ধবিরতি লঙ্ঘন করেছে। এর জবাবে ইসলামী বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) প্রাথমিক প্রতিক্রিয়া হিসেবে ক্ষেপণাস্ত্র ও ড্রোন ব্যবহার করে বাহরাইন ও কুয়েতে অবস্থিত যুক্তরাষ্ট্রের ৮৫টি সামরিক লক্ষ্যবস্তুতে হামলা চালায়। আইআরজিসি জানায়, হামলায় বাহরাইনের পোর্ট সালমান, মার্কিন পঞ্চম নৌবহরের কার্যক্রম এলাকা এবং কুয়েতের আলি আল সালেম বিমানঘাঁটির স্থাপনাগুলো লক্ষ্যবস্তুতে পরিণত হয়। একইসঙ্গে বাহিনীটি জানায়, একটি এমকিউ-৯ (MQ-9) ড্রোন ভূপাতিত করা হয়েছে। তাদের দাবি, ড্রোনটি অভিযানে বাধা দেওয়ার চেষ্টা করলে সেটিকে গুলি করে নামিয়ে দেওয়া হয়। বুধবার এর আগে প্রকাশিত এক বিবৃতিতে ইরানের খাতাম আল-আম্বিয়া কেন্দ্রীয় সদর দপ্তর জানায়, “আগ্রাসী মার্কিন বাহিনীকে” যে-কোনো ধরনের সহায়তা প্রদানকারী উৎসকে ইরানের সশস্ত্র বাহিনী বৈধ সামরিক লক্ষ্যবস্তু হিসেবে বিবেচনা করবে। সামরিক সদর দপ্তরের বিবৃতিতে বলা হয়, “ইসলামী ইরানের সার্বভৌমত্ব ও ভূখণ্ড লঙ্ঘনের জন্য আগ্রাসী মার্কিন বাহিনীকে যে-কোনো ধরনের সহায়তা প্রদানকারী উৎস ইরানের সশস্ত্র বাহিনীর বৈধ লক্ষ্যবস্তু হবে।” বিবৃতিতে আরও বলা হয়, হরমুজ প্রণালিতে বাণিজ্য-জাহাজ ও তেলবাহী ট্যাংকারের জন্য একমাত্র নিরাপদ পথ হলো ইরান নির্ধারিত নৌপথ এবং তেহরান এ প্রণালির ব্যবস্থাপনায় কোনো ধরনের হস্তক্ষেপ মেনে নেবে না। (রেডিও তেহরান ওয়েব পেজ : ০৮.০৭.২০২৬ নারগীস)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে ভূমিধসে শরণার্থী শিবিরের স্কুলে আটজনের মৃত্যু

ভারী বর্ষণের ফলে বাংলাদেশে বিশ্বের বৃহত্তম শরণার্থী শিবিরের এক স্কুলে ভূমিধস হলে সাত শিশু ও এক শিক্ষকের মৃত্যু হয়। স্কুলটিতে তখন ক্লাস চলছিল। উদ্ধারকর্মীরা কাদা ও মাটির স্তূপ খুঁড়ে শিশুদের মরদেহ উদ্ধার করেন। জানা গেছে, শ্রেণিকক্ষে পড়াশোনা করার সময় স্কুলঘরটি কাদায় তলিয়ে গেলে সেখানে আটকা পড়ে শিশুরা মারা যায়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রনি)

### প্রবল বৃষ্টি, ধস, চট্টগ্রামে পরীক্ষা স্থগিত

খারাপ আবহাওয়া ও বন্যা পরিস্থিতির কারণে চট্টগ্রাম বোর্ডের অধীন সব জেলার বুধবারের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। মঙ্গলবার গভীর রাতে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামানের সই করা আদেশে এ তথ্য জানানো হয়। এর আগে মঙ্গলবার রাতেই পৃথক দুই আদেশে চট্টগ্রাম, রাঙামাটি ও কক্সবাজার জেলার বুধবারের পরীক্ষা স্থগিত করা হয়েছিল। চট্টগ্রাম বোর্ডের অধীন জেলা ছাড়া অন্য সব শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের আজকের পরীক্ষা যথাসময়ে হবে। চট্টগ্রাম বোর্ডের স্থগিত পরীক্ষার সময়সূচি পরে জানানো হবে। এবার সাধারণ শিক্ষা বোর্ডগুলোর অধীন অভিন্ন প্রশ্নপত্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। একটানা দুই দিনের অতি প্রবল বৃষ্টিতে চট্টগ্রাম, কক্সবাজার ও পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন এলাকা তলিয়ে গেছে। গত সোমবার সন্ধ্যা ছয়টা থেকে মঙ্গলবার সন্ধ্যা ছয়টা পর্যন্ত ২৪ ঘণ্টায় নগরীতে ৩৯৪ মিলিমিটার বৃষ্টি হয়েছে। এই বৃষ্টি ৪৩ বছর পর জুলাই মাসের এক দিনে সর্বোচ্চ। প্রবল বৃষ্টিতে দেওয়াল ও পাহাড়ধসে চট্টগ্রাম নগর, রাঙ্গুনিয়া উপজেলা, রাঙামাটির বাঘাইছড়ি ও কক্সবাজারে ছয়জনের মৃত্যু হয়েছে। বিচ্ছিন্ন হয়ে পড়েছে খাগড়াছড়ি-রাঙামাটির সড়ক যোগাযোগ। তলিয়ে গেছে বহু এলাকার অভ্যন্তরীণ গ্রামীণ সড়ক। বৈরী আবহাওয়ার কারণে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করতে পারেনি তিনটি ফ্লাইট। রেললাইনের ওপর পানি জমে থাকায় প্রায় এক হাজার যাত্রী নিয়ে চট্টগ্রাম নগরের ষোল শহরে আটকে পড়ে কক্সবাজারগামী পর্যটক এক্সপ্রেস ট্রেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রনি)

## জাগো নিউজ

### পেঁয়াজ-রসুন সংরক্ষণে কৃষকদের আরও ৮ হাজার ‘এয়ার ফ্লো’ মেশিন দেওয়া হবে

পেঁয়াজ ও রসুন সংরক্ষণের জন্য সরকার দেশের বি ভিন্ন এলাকায় কৃষকদের মাঝে আরও আট হাজার বায়ুপ্রবাহ বা এয়ার ফ্লো মেশিন দেবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন , পেঁয়াজ ও রসুনের অপচয় কমিয়ে কৃষকদের ন্যায্যমূল্য নিশ্চিত করতে দেশের প্রধান প্রধান উৎপাদন এলাকায় আরও আট হাজার এয়ার ফ্লো মেশিন স্থাপনের পরিকল্পনা নিয়েছে সরকার। একই সঙ্গে আধুনিক সংরক্ষণ ও বিপণন ব্যবস্থা সম্প্রসারণে নতুন একটি প্রকল্প প্রণয়নের কাজ চলছে। বুধবার (৮ জুলাই) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে ফরিদপুর-৪ আসনের সংসদ সদস্য শহিদুল ইসলামের প্রশ্নের লিখিত জবাবে তিনি এ তথ্য জানান। এদিন সংসদে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন করা হয়। প্রধানমন্ত্রী বলেন, পেঁয়াজ ও রসুনের অপচয় রোধ, কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ এবং সংরক্ষণ ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে সরকার এরই মধ্যে একাধিক বাস্তবমুখী উদ্যোগ বাস্তবায়ন করছে। তিনি জানান, ‘বাংলাদেশ পেঁয়াজ উৎপাদন এলাকায় পরিবর্তিত জলবায়ুর প্রতিকূল প্রভাব প্রশমনে অংশীদারত্বের ভিত্তিতে পেঁয়াজ সংরক্ষণ’ প্রকল্পের আওতায় তিন হাজার ৫০০টি এয়ার ফ্লো মেশিন বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান, এছাড়া ‘কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন ’ শীর্ষক চলমান প্রকল্পের আওতায় ফরিদপুরসহ পেঁয়াজ ও রসুন উৎপাদনকারী জেলাগুলোতে ৯০০টি মডেল সংরক্ষণ ঘর নির্মাণ করা হয়েছে। প্রতিটি সংরক্ষণ ঘরের ধারণক্ষমতা ১০ থেকে ১২ টন। এসব সংরক্ষণাগার কৃষকদের উৎপাদিত পেঁয়াজ ও রসুন দীর্ঘ সময় সংরক্ষণে সহা য়তা করছে। প্রধানমন্ত্রী জানান, প্রকল্পের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় প্রযুক্তিগত জ্ঞান ও প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এবং বাজার সংযোগ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে পেঁয়াজ ও রসুনের পচনশীলতা কমানো সম্ভব হচ্ছে। তিনি বলেন, ২০২৫-২৬ অর্থবছরে প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচির আওতায় পেঁয়াজ সংরক্ষণের জন্য ১৯ হাজার কৃষকের মধ্যে এয়ার ফ্লো মেশিন বিতরণ করা হয়েছে। প্রধানমন্ত্রী জানান, বর্তমানে ‘বায়ুপ্রবাহ পদ্ধতিতে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন ’ শীর্ষক নতুন একটি প্রকল্প প্রণয়ন করা হচ্ছে। প্রক ল্পটি বাস্তবায়িত হলে ফরিদপুরসহ দেশের প্রধান পেঁয়াজ উৎপাদন এলাকায় মোট আট হাজার বায়ুপ্রবাহ মেশিন স্থাপন করা হবে। তিনি বলেন, এ প্রযুক্তির মাধ্যমে পেঁয়াজ ও রসুনের অপচয় উল্লেখযোগ্য হারে কমবে এবং কৃষকরা মৌসুম শেষে ন্যায্যমূল্যে তাদের উৎপাদিত পণ্য বিক্রির সুযোগ পাবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

### সংসদ অধিবেশন দেখতে আসা শিক্ষার্থীদের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

সংসদ অধিবেশন দেখতে আসা দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক -শিক্ষার্থীদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (৮ জুলাই) বিকেলে সংসদ অধিবেশন শুরুর আগে প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এ তথ্য জানান। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের সঙ্গে কুশলবিনিময় করেন এবং তাদের লেখাপড়ার খোঁজখবর নেন। পাশাপাশি দেশ গঠনে ভূমিকা রাখতে নিজেদের দক্ষ , যোগ্য ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার আহ্বান জানান। একই সঙ্গে শারীরিক শিক্ষা, শিল্প ও সংস্কৃতি চর্চার প্রতিও গুরুত্ব দেওয়ার জন্য তাদের উৎসাহিত করেন। শিক্ষার্থীদের সঙ্গে প্রধানমন্ত্রীর আলাপচারিতা/ছবি: সংগৃহীত বি এনপি সরকারের উদ্যোগে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীদের জাতীয় সংসদের অধিবেশন প্রত্যক্ষ করার সুযোগ দেওয়া হচ্ছে। এরই ধারাবাহিকতায় আজ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা জাতীয় সংসদ ভবন পরিদর্শন করেন। দুপুরে জাতীয় সংসদে এ সে তারা সংসদ ভবনের অনন্য স্থাপত্যশৈলী ঘুরে দেখেন, সংসদ লাইব্রেরি পরিদর্শন করেন এবং বিভিন্ন স্থানে ছবি তোলেন। পরে তারা জাতীয় সংসদের অধিবেশন সরাসরি উপভোগ করেন। এ সময় জিঞ্জিরা বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা জাতীয় সংসদের অধিবেশন সরাসরি দেখার সুযোগ করে দেওয়ায় প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

### থাইল্যান্ড-জাপান-দ. কোরিয়ায় সম্প্রসারিত হবে শ্রমবাজার: প্রধানমন্ত্রী

মধ্যপ্রাচ্যের চলমান অস্থিরতার কারণে বিদ্যমান শ্রমবাজারের পাশাপাশি নতুন শ্রমবাজার সম্প্রসারণে সরকার উদ্যো গ নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন , মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় চালুর উদ্যোগের পাশাপাশি থাইল্যান্ড , দক্ষিণ কোরিয়া ও জাপানে জনশক্তি রপ্তানি বাড়ানোর জন্য কার্যক্রম চলছে। তিনি বলেন , থাইল্যান্ডের সঙ্গে কর্মী নিয়োগ -সংক্রান্ত চুক্তির চূড়ান্ত খসড়া দেশটির সরকারের কাছে পাঠানো হয়েছে। এছাড়া বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোকে সংশ্লিষ্ট দেশের শ্রমবাজারের চাহিদা নিরূপণ করে জনশক্তি রপ্তানি বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা পাঠানোর নির্দেশনা দেওয়া হয়েছে। বুধবার (৮ জুলাই) জাতীয় সংসদে টাঙ্গাইল-৬ আসনের সংসদ সদস্য মো . রবিউল আওয়ালের এক লিখিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, জনগণের ভোটে নির্বাচিত বর্তমান সরকার দেশের সব অঞ্চলে ভারসাম্যপূর্ণ উন্নয়ন , টেকসই কর্মসংস্থান সৃষ্টি

এবং দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ। বিশেষ করে তরুণদের দক্ষ মানবসম্পদে পরিণত করে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে তাদের অংশগ্রহণ বাড়ানো সরকারের অন্যতম অগ্রাধিকার। তিনি বলেন, সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী 'এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সেন্টার' স্থাপনের পরিকল্পনা রয়েছে। এর মাধ্যমে স্থানীয় পর্যায়ে কর্মসংস্থান-সংক্রান্ত তথ্যপ্রাপ্তি, দক্ষতা উন্নয়ন এবং চাকরির সুযোগ আরও সহজ হবে। পাশাপাশি দেশের অভ্যন্তরীণ শ্রমবাজার ব্যবস্থাপনা আরও কার্যকর ও প্রাতিষ্ঠানিক হবে , নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে এবং শ্রমজীবী মানুষের জীবনমানের উন্ন তি ঘটবে বলে তিনি আশা প্রকাশ করেন। একই সঙ্গে আন্তর্জাতিক শ্রমবাজারকে সুসংহত করা, সম্প্রসারণ এবং নতুন বিকল্প শ্রমবাজার অনুসন্ধানেও সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে।

ইউরোপের কয়েকটি দেশের ভিসা সেন্টার বাংলাদেশে খোলা হবে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন , নতুন শ্রমবাজার সম্প্রসারণে ইউরোপের কয়েকটি দেশের ভিসা সেন্টার বাংলাদেশে চালুর লক্ষ্যে কূটনৈতিক প্রচেষ্টা চলছে। একই সঙ্গে বিদেশে বাংলাদেশি কর্মী পাঠাতে বিভিন্ন দেশের চাহিদা অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশনা দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোকে সংশ্লিষ্ট দেশের শ্রমবাজারের চাহিদা নিরূপণ করে জনশক্তি রপ্তানি বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা পাঠাতে নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি মালয়েশিয়া , ওমান, বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাতে বন্ধ বা সংকুচিত শ্রমবাজার পুনরায় চালুর লক্ষ্যে কূটনৈতিক তৎপরতা অব্যাহত রয়েছে। কাতারের শ্রমমন্ত্রী বাংলাদেশ থেকে বিভিন্ন পেশায় দক্ষ কর্মী নিয়োগে আগ্রহ প্রকাশ করেছেন। এছাড়া নর্থ মেসিডোনিয়া, সার্বিয়া, মরিশাস ও পর্তুগালের মতো যেসব ইউরোপীয় দেশে দক্ষ কর্মী পাঠানোর সুযোগ রয়েছে , সেসব দেশের ভিসা সেন্টার ঢাকায় স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। দক্ষিণ কোরিয়ায় মৌসুমি কর্মী পাঠাতে দেশটির বিভিন্ন স্থানীয় সরকারের সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের কার্যক্রম চলছে। ইতোমধ্যে বোয়েসেলের মাধ্যমে সেখানে মৌসুমি কর্মী পাঠানো শুরু হয়েছে। জাপানে কর্মসংস্থান বাড়াতে প্রবাসী কল্যাণ ও বৈদেশি ক কর্মসংস্থান মন্ত্রণালয়ে 'জাপান সেল' গঠন করা হয়েছে বলেও জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন , এ সেলের আওতায় জাপানে কর্মী পাঠানো ৯৬টি সেন্ডিং অর্গানাইজেশন, ২০০টির বেশি বেসরকারি জাপানি ভাষা প্রশিক্ষণ কেন্দ্র এবং ৬০টি টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি)কে সমন্বিত কাঠামোর আওতায় আনা হয়েছে। এ ছাড়া বাংলাদেশ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) আওতায় চাহিদাভিত্তিক ভাষা প্রশিক্ষণ কোর্স চালু ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সংখ্যা বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। বর্তমানে দেশের ৬০টি টিটিসিতে জাপানি, ইংরেজি, চীনা ও কোরিয়ান ভাষার প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এবং এসব প্রতিষ্ঠানে ভাষাশিক্ষক নিয়োগের কার্যক্রমও চলমান রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## শিক্ষাখাতে বরাদ্দ জিডিপির ৫ শতাংশে উন্নীত করা হবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , সরকারের নির্বাচনি ইশতেহারে শিক্ষা খাতের মানোন্নয়নকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এ লক্ষ্যে আগামী পাঁচ বছরের মধ্যে পর্যায়ক্রমে শিক্ষা খাতে বরাদ্দ দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ৫ শতাংশে উন্নীত করা হবে। বুধবার (৮ জুলাই) জাতীয় সংসদের বাজেট অধিবেশনে নওগাঁ-৫ আসনের সংসদ সদস্য মো. জাহিদুল ইসলাম ধলুর এক লিখিত প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন , শিক্ষা খাতে বরাদ্দ বাড়িয়ে শিক্ষার গুণগত মান বৃদ্ধি ও অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে শিক্ষার্থী ঝরে পড়ার হার শূন্যের কোঠায় নামিয়ে আনাও সম্ভব হবে। এ লক্ষ্য নিয়ে কাজ করছে সরকার। সংসদ সদস্য মো. জাহিদুল ইসলাম ধলু তার প্রশ্নে জানতে চান, দেশের নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন , শিক্ষকদের গুণগত প্রশিক্ষণ নিশ্চিতকরণ , বিদ্যালয়গুলোর অবকাঠামোগত উন্নয়ন এবং ঝরে পড়া শিক্ষার্থীর হার শূন্যে নামিয়ে আনতে বাজেটে শিক্ষা খাতে বিশেষ কোনো অগ্রাধিকারমূলক বরাদ্দ রেখেছেন কি না ? জবাবে প্রধানমন্ত্রী বলেন , দেশের নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষকদের গুণগত প্রশিক্ষণ নিশ্চিতকরণ, বিদ্যালয়গুলোর অবকাঠামোগত উন্নয়ন এবং শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধি ও ঝরে পড়া রোধে অর্থাৎ শিক্ষা খাতের সার্বিক উন্নয়নে সরকার ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধি করে প্রথমবারের মতো জিডিপির ২ (দুই) শতাংশে উন্নীত করেছে। ২০২৬-২৭ অর্থবছরে সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রামে (এসইডিপি) শিক্ষা মন্ত্রণালয়ে মোট ৪১৯৯ কোটি টাকা (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে ৩৫৯৯ কোটি টাকা এবং কারিগরি ও মাদ্রাসা শি ক্ষা বিভাগে ৬০০ কোটি টাকা) বরাদ্দ রাখা-হয়েছে। এসইডিপি-এর আওতায় মোট ১০টি স্কিম চলমান রয়েছে। এই ১০টি স্কিমের মধ্যে ১টি স্কিম ন্যাশনাল কারিকুলাম ডিসেমিনেশন এবং শিক্ষকদের প্রশিক্ষণের জন্য নির্ধারিত রয়েছে।

তিনি বলেন, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্র কল্পের আওতায় শিক্ষক প্রশিক্ষণের জন্য ৮১০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। যার মাধ্যমে মোট ৩ লাখ ৪৭ হাজার ২১ জন শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট জনবলকে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ কার্যক্রমের মধ্যে রয়েছে বেসিক ট্রেনিং, বিষয়ভিত্তিক প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের লিডারশিপ ট্রেনিং , ভোকেশনাল শিক্ষকদের প্রশিক্ষণ , ব্লেন্ডেড লার্নিং, আইসিটি, লাইব্রেরি ব্যবস্থাপনা, শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও বুলিং প্রতিরোধ এবং জলবায়ু পরিবর্তন বিষয়ে প্রশিক্ষণ। সংসদ নেতা বলেন, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নে ২০২৬-২৭ অর্থবছরে পরিচালন বাজেটে ৩০৪০.৯ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। যার মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুকূলে ২১৯৬.৪ কোটি টাকা এবং

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুকূলে ৮৪৪.৫ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। শি ক্ষার হার কমিয়ে আনার বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর অবকাঠামোগত উন্নয়নে প্রাইমারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম-৫ (পিইডিপি-৫) সহ ৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। যার মাধ্যমে বিদ্যালয়গুলোর অবকাঠামোগত উন্নয়ন করা হবে। এছাড়া, ঝরে পড়া শিক্ষা র্থীর হার শূন্যে নামিয়ে আনতে চলতি অর্থবছর থেকে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ ও উপবৃত্তি প্রদানের পাশাপাশি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের স্কুল ফিডিং কর্মসূচি , স্কুল ড্রেস বিতরণ এবং আনন্দময় শিক্ষা নিশ্চিতকল্পে ক্রীড়া উপকরণ সরবরাহ করা হবে। এসব কর্মসূ চি বাস্তবায়নের মাধ্যমে প্রাথমিক শিক্ষায় ঝরে পড়া শিক্ষার্থীর হার কমে আসবে। প্রধানমন্ত্রী বলেন , চলতি ২০২৬-২৭ অর্থবছরে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণে এক হাজার ৩০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি ও মেধাবৃত্তি বাবদ ৫ হাজার ৫৩৪ কোটি ৭৫ লাখ টাকা চলতি অর্থবছরের বাজেটে বরাদ্দ রাখা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## রোহিঙ্গা প্রত্যাবর্তনে জাতিসংঘের সহায়তা আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর

জাতিসংঘের রাজনৈতিক ও শান্তি বিনির্মাণ বিষয়ক আন্ডার-সেক্রেটারি-জেনারেল রোজমেরি এ. ডি-কার্লোর সঙ্গে বৈঠক করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। এসময় মন্ত্রী রোহিঙ্গাদের নিজ দেশ মিয়ানমারে প্রত্যাবর্তনের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের টেকসই ও জোরালো সহায়তার আহ্বান জানান। বুধবার (৮ জুলাই) জাতিসংঘ সদর দপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ফয়সল হাসান এ তথ্য জানান। তিনি জানান , বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী বিশ্ব শান্তিরক্ষা ও শান্তি বিনির্মাণে বাংলাদেশের অগ্রাধিকার তুলে ধরেন। তিনি রোহিঙ্গাদের নিজ দেশ মিয়ানমারে প্রত্যাবর্ত নের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের টেকসই ও জোরালো সহায়তার আহ্বান জানান। এসময় ডি - কার্লো জাতিসংঘে বাংলাদেশের গঠনমূলক ও দায়িত্বশীল ভূমিকা এবং আন্তর্জাতিক শান্তি ও স্থিতিশীলতা রক্ষায় বাংলাদেশের অব্যাহত অবদানের প্রশংসা করেন। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## ডেঙ্গু নিয়ন্ত্রণে রাজধানীর সব স্কুলে'ক্লিন স্কুল টিম' গঠনের সিদ্ধান্ত

ডেঙ্গু প্রতিরোধে রাজধানীর সব শিক্ষাপ্রতিষ্ঠানে 'ক্লিন স্কুল টিম' গঠনের উদ্যোগ নিয়েছে ঢাকা জেলা প্রশাসন। এ লক্ষ্যে প্রয়োজনীয় করণীয় নির্ধারণ করে বুধবার (৮ জুলাই) জেলা প্রশাসক ফরিদা খানম স্বাক্ষরিত একটি অফিস আদেশ জারি করা হয়েছে। জেলা প্রশাসন জানায় , প্রধান উপদেষ্টার কার্যালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিদ্ধান্তের আলোকে এ উদ্যোগ নেওয়া হয়েছে। এর উদ্দেশ্য হলো শিক্ষার্থী , শিক্ষক ও সংশ্লিষ্ট সবার জন্য পরিচ্ছন্ন , নিরাপদ ও স্বাস্থ্যসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিত করা এবং শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক অংশগ্রহণমূলক কার্যক্রমের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধ জোরদার করা। অফিস আদেশ অনুযায়ী , প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে পাঁচ কার্যদিবসের মধ্যে 'ক্লিন স্কুল টিম ' গঠন করে কার্যক্রম শুরু করতে হবে। টিমের সভাপতি থাকবেন প্রতিষ্ঠানপ্রধান। সদস্য হিসেবে থাকবেন একজন অভিভাবক প্রতিনিধি, সংশ্লিষ্ট ওয়ার্ডের স্যানিটারি পরিদর্শক (সিটি করপোরেশন এলাকায় ) অথবা উপজেলা পর্যায়ে ইউনিয়ন পরিষদের প্রতিনিধি এবং দুজন শিক্ষার্থী। সদস্যসচিবের দায়িত্ব পালন করবেন একজন শিক্ষক। টিমকে নিয়মিত বিদ্যালয় ভবন, শ্রেণিকক্ষ, ছাদ, ড্রেন, ফুলের টব, পরিত্যক্ত পাত্র এবং যেখানে পানি জমে এডিস মশার প্রজনন হতে পারে—এমন সব স্থান পরিদর্শন ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কার্যক্রম পরিচালনা করতে হবে।

এছাড়া শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ডেঙ্গু বিষয়ে সচেতনতা বাড়াতে প্রচার -প্রচারণা চালানো এবং পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহ দিতে পুরস্কারের ব্যবস্থাও রাখতে বলা হয়েছে। একই সঙ্গে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার সময় শিক্ষার্থীদের নিরাপত্তা , স্বাস্থ্য সুরক্ষা ও মর্যাদা নিশ্চিত করার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। কোনো অবস্থায়ই তা দের দিয়ে ঝুঁকিপূর্ণ বা অস্বাস্থ্যকর বর্জ্য অপসারণের কাজ করানো যাবে না বলেও অফিস আদেশে উল্লেখ করা হয়েছে। জেলা প্রশাসক ফরিদা খানম বলেন , ডেঙ্গু মোকাবিলা শুধু স্বাস্থ্য বিভাগের দায়িত্ব নয় ; এটি একটি সামাজিক আন্দোলন। শিক্ষার্থীদের ছোটবেলা থেকেই পরিচ্ছন্নতা ও জনস্বা স্থ্য বিষয়ে দায়িত্বশীল হিসেবে গড়ে তোলাই এ উদ্যোগের লক্ষ্য। তিনি এডিস মশার প্রজননের সুযোগ সৃষ্টি হয় — এমন কোনো পরিবেশ যাতে না থাকে , সে বিষয়ে সবাইকে সর্বোচ্চ সতর্ক থাকার আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণকে সমানগুরুত্ব দিয়ে দেশ গড়া সরকারের লক্ষ্য

সবার আগে বাংলাদেশ ' দর্শনকে ধারণ করে একটি সবুজ , জলবায়ু-সহনশীল, পরিবেশবান্ধব ও টেকসই বাংলাদেশ গড়ে তুলতে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন , উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণকে সমান গুরুত্ব দিয়ে ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও বাসযোগ্য দেশ গড়ে তোলাই সরকারের লক্ষ্য। জাতীয় 'বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৬' উপলক্ষ্যে দেওয়া বাণীতে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। বাণীতে তিনি বলেন, এ বছরের জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার প্রতিপাদ্য 'বৃক্ষরোপণে সাজাই দেশ , সবার আগে বাংলাদেশ' সরকারের জাতীয় অঙ্গীকারের প্রতিফলন। প্রধানমন্ত্রী বলেন , মানবসৃষ্ট কর্মকাণ্ডের বিরূপ প্রভাবে বৈশ্বিক উষ্ণতা ক্রমাগত বাড়ছে এবং জলবায়ু পরিবর্তনের অভিঘাত বিশ্বব্যাপী প্রকৃতি ও মানুষের জীবনে গভীর প্রভাব ফেলছে। প্রকৃতি ও পরিবেশের ভারসাম্য রক্ষা এবং বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি রোধে বৃক্ষের ভূমিকা অনস্বীকার্য। বৃক্ষ বায়ুমণ্ডলীয় কার্বন

শোষণ করে, অতিরিক্ত তাপমাত্রা কমায় এবং পরিবেশকে নির্মল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি বলেন, এ বাস্তবতা বিবেচনায় বর্তমান সরকার আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের কর্মসূচি গ্রহণ করেছে। এটি শুধু সরকারি কর্মসূচি নয়, বরং একটি জাতীয় আন্দোলন। প্রধানমন্ত্রী জানান, শিক্ষাপ্রতিষ্ঠান, সড়ক ও রেলপথের দুই পাশ, বাঁধ, সরকারি বনভূমি, উপকূলীয় চরাঞ্চল, নগর এলাকা এবং বসতবাড়িসহ দেশের সর্বত্র বৃক্ষরোপণ ও পরিচর্যায় জনগণকে সম্পৃক্ত করা হচ্ছে। পাশাপাশি নগর বনায়নে শিক্ষার্থীদের অংশগ্রহণ এবং বিনামূল্যে চারা বিতরণের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, এসব উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে দেশের বৃক্ষাচ্ছাদন বাড়বে, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা সহজ হবে এবং টেকসই উন্নয়নের ভিত্তি আরও সুদৃঢ় হবে।

প্রধানমন্ত্রী বলেন, উন্নত জীবনের জন্য যেমন প্রয়োজন সমৃদ্ধ দেশ ও শক্তিশালী অর্থনীতি, তেমনই সুস্থভাবে বেঁচে থাকার জন্য প্রয়োজন জীববৈচিত্র্যসমৃদ্ধ বন। সমৃদ্ধ অর্থনীতি ও সবুজ বন পরস্পর ওতপ্রোতভাবে সম্পর্কযুক্ত। একটি গতিশীল ও সম্ভাবনাময় সবুজ অর্থনীতি গড়ে তুলতে বন ও বৃক্ষরোপণ গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করে। তিনি দেশকে সবুজে আচ্ছাদিত করার লক্ষ্যে বাড়ির আনাচে-কানাচে, পতিত ও প্রান্তিক জমিতে, খাল ও নদীর পাড়ে, বাঁধে, সড়ক ও সড়কদ্বীপে, বাড়ির ছাদে এবং শহর-বন্দর নির্বিশেষে উপযুক্ত প্রতিটি স্থানে ব্যাপক বনায়ন কার্যক্রমে দল-মত নির্বিশেষে সবাইকে অংশগ্রহণের আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, বৃক্ষমেলা দেশে সবুজায়ন আন্দোলনকে আরও বেগবান করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বৃক্ষরোপণে দেশবাসীকে আরও উৎসাহিত করার লক্ষ্যে এ বছরও জাতীয় পর্যায়ের পাশাপাশি বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বৃক্ষমেলার আয়োজন এবং তিনমাসব্যাপী বৃক্ষরোপণ অভিযান পরিচালনা করা হবে। তিনি আশা প্রকাশ করেন, দেশবাসী বৃক্ষমেলা থেকে উন্নত জাতের চারা সংগ্রহের সুযোগ পাবে এবং শিক্ষার্থীরা উদ্ভিদ বৈচিত্র্য সম্পর্কে বাস্তব জ্ঞান অর্জনের সুযোগ লাভ করবে। বাণীতে প্রধানমন্ত্রী সবাইকে ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুস্থ, সুন্দর, নির্মল ও নিরাপদ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে অন্তত একটি করে বৃক্ষরোপণ এবং তার যথাযথ পরিচর্যা নিশ্চিত করার আহ্বান জানান। এছাড়া 'বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার, ২০২৫', 'বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার, ২০২৬' এবং সামাজিক বনায়নের লভ্যাংশ অর্জনকারীদের অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। একই সঙ্গে তিনি জাতীয় 'বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৬'-এর এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## বৈরী আবহাওয়াতেও শাহ আমানতে ফ্লাইট ওঠানামা স্বাভাবিক

বৈরী আবহাওয়ার মধ্যেও চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে ফ্লাইট ওঠানামা স্বাভাবিক রয়েছে। বুধবার (৮ জুলাই) সন্ধ্যা ৬টা ৫০ মিনিটে এ তথ্য জানায় বিমানবন্দর কর্তৃপক্ষ। বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, ডিপার্চার (বহির্গমন) ও অ্যারাইভাল (আগমন) উভয় ধরনের ফ্লাইট নির্ধারিত সূচি অনুযায়ী পরিচালিত হচ্ছে। ফ্লাইট পরিচালনায় কোনো বিঘ্ন ঘটেনি। এখন পর্যন্ত কোনো ফ্লাইট বাতিল, বিলম্ব বা অন্য বিমানবন্দরে ডাইভার্ট হয়নি। শাহ আমানত বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল বলেন, বর্তমানে বিমানবন্দর এলাকায় বাতাসের গতিবেগ ঘণ্টায় ৩০ কিলোমিটারের নিচে রয়েছে। আবহাওয়ার পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে। পরিস্থিতির পরিবর্তন হলে পরবর্তী সময়ে হালনাগাদ তথ্য জানানো হবে বলে জানিয়েছে বিমানবন্দর কর্তৃপক্ষ। এদিকে টানা ভারী বর্ষণে জলাবদ্ধতায় পড়েছে চট্টগ্রাম নগরী। টানা বর্ষণ, পাহাড়ি ঢল ও কর্ণফুলী নদীর জোয়ারের প্রভাবে চট্টগ্রাম মহানগরের জনজীবন প্রায় স্থবির হয়ে পড়েছে। নগরীর বিভিন্ন সড়ক জলাবদ্ধতায় তলিয়ে যাওয়ায় যান চলাচল ব্যাহত হচ্ছে। বুধবার (৮ জুলাই) ভোর থেকে শুরু হওয়া বৃষ্টিতে নগরের বিভিন্ন নিচু এলাকায় পানি জমে জনদুর্ভোগ দেখা দিয়েছে। কোথাও হাঁটু, কোথাও কোমর সমান পানি জমে ব্যাহত হয়েছে যান চলাচল। অফিসগামী মানুষ, শিক্ষার্থী ও সাধারণ পথচারীদের দুর্ভোগে পড়তে হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ বশির আহমদ জাগো নিউজকে বলেন, মঙ্গলবার সকাল ৯টা থেকে বুধবার সকাল ৯টা পর্যন্ত ২৪ ঘণ্টায় চট্টগ্রামে ২৬৭ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। ভারী বর্ষণের কারণে নগরের নিম্নাঞ্চলে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## জালিয়াতির মাধ্যমে মুক্তিযোদ্ধা কোটায় চাকরি পাওয়াদের বিরুদ্ধে ব্যবস্থা

যেসব অমুক্তিযোদ্ধা ও তাদের ওয়ারিশরা জালিয়াতির মাধ্যমে মুক্তিযোদ্ধা কোটায় সরকারি চাকরিতে নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আজম খান। বুধবার (৮ জুলাই) জাতীয় সংসদে এনসিপি দলীয় সংসদ সদস্য আখতার হোসেনের জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন, শুধু কোটার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত নয়, যেসব অমুক্তিযোদ্ধা ও তাদের সুবিধাভোগীরা রাষ্ট্রের বিভিন্ন সুবিধা গ্রহণ করেছেন, তাদের বিরুদ্ধেও সরকার কঠোর ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিয়েছে। আখতার হোসেনের এক সম্পূরক প্রশ্নে তিনি বলেন, একটি পত্রিকায় প্রকাশিত ৭৯ হাজার অমুক্তিযোদ্ধার তথ্যও চূড়ান্ত বা নির্ভুল নয়; প্রকৃত সংখ্যা আরও বেশি হতে পারে। তিনি বলেন, শহীদের সংখ্যা নিয়ে বিতর্ক সৃষ্টি করা হয়েছে এবং এ ধরনের বিতর্কের জেরে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার বিরুদ্ধেও তৎকালীন সরকার মামলা করেছিল। আহমেদ আজম খান বলেন, আমাদের সরকার মুক্তিযুদ্ধের সরকার। মুক্তিযুদ্ধের চেতনা ও

স্বপ্ন বাস্তবায়নে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। এ বিষয়ে কোনো ধরনের ছাড় দেওয়া হবে না। সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে সরকার কাজ করছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## এআই চ্যালেঞ্জ মোকাবিলায় দুটি প্রকল্প নিয়েছে সরকার তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও ডিপফেক প্রযুক্তির অপব্যবহারজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার বিদ্যমান এনালগ কাঠামো থেকে ডিজিটাল ব্যবস্থায় রূপান্তরের উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে এরই মধ্যে দুটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং পর্যায়ক্রমে ডিজিটাল সমস্যার ডিজিটাল সমাধান গড়ে তোলা হবে। বুধবার (৮ জুলাই) জাতীয় সংসদে সরকারি দলের সদস্য (সংরক্ষিত মহিলা আসন -২৯) ফাহিমা নাসরিনের এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এআইভিত্তিক অপতথ্য ও গুজবের বিষয়টি সম্পর্কে সরকার সম্পূর্ণ অবগত এবং অনেকেই এর ভুক্তভোগী। এ কারণেই প্রধানমন্ত্রী তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংশ্লিষ্টদের এ বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা দিয়েছেন। তিনি বলেন, বর্তমান কাঠামোটি মূলত এনালগ ব্যবস্থার ওপর ভিত্তি করে গড়ে উঠেছে, অথচ সমস্যার ধরন সম্পূর্ণ ডিজিটাল। এ কারণে একটি রূপান্তর প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হচ্ছে। প্রচলিত জনবল কাঠামো দিয়ে সব চ্যালেঞ্জ মোকাবিলা করা সম্ভব না হওয়ায় প্রধানমন্ত্রীর নির্দেশনায় আপাতত প্রকল্পভিত্তিক কার্যক্রম নেওয়া হয়েছে। এরই মধ্যে দুটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং পর্যায়ক্রমে আধুনিক প্রযুক্তিনির্ভর সমাধান বাস্তবায়ন করা হবে। শেরপুর-১ আসনের বিরোধী দলের (জামায়াতে ইসলামী) সদস্য রাশেদুল ইসলামের অপর এক সম্পূরক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী বলেন, এনালগ ব্যবস্থা থেকে ডিজিটাল ব্যবস্থায় সফলভাবে রূপান্তরই এ ধরনের চ্যালেঞ্জ মোকাবিলার মূল বিষয়। প্রধানমন্ত্রী বিষয়টি যথাযথভাবে চিহ্নিত করে প্রয়োজনীয় দিকনির্দেশনা দিয়েছেন এবং সে অনুযায়ী কাজ এগিয়ে চলছে। জহির উদ্দিন স্বপন বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা শুধু বাংলাদেশের নয়, সারা বিশ্বের জন্যই একটি নতুন চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবিলায় বিশ্বব্যাপী নতুন নতুন সমাধান নিয়ে কাজ চলছে। বাংলাদেশও বিভিন্ন দেশের সঙ্গে প্রযুক্তিগত সহযোগিতা ও জ্ঞান বিনিময়ের বিষয়ে আলোচনা করছে। মন্ত্রী জানান, প্রধানমন্ত্রীর সাম্প্রতিক চীন সফরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পক্ষ থেকে কয়েকটি সমঝোতা স্মারকে সই করা হয়েছে। এর মধ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ে চীনের অভিজ্ঞতা, জ্ঞান ও প্রযুক্তি বিনিময় একটি গুরুত্বপূর্ণ বিষয়। এসব সমঝোতা এবং অন্যান্য দেশের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে ভবিষ্যৎ কার্যক্রম আরও জোরদার করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## গ্যাস উৎপাদন বাড়াতে বহুমুখী উদ্যোগ নিয়েছে সরকার জ্বালানিমন্ত্রী

দেশে গ্যাসের উৎপাদন বাড়াতে বর্তমান সরকার বহুমুখী উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। তিনি বলেন, সরকার বর্তমানে দেশের ২০টি উৎপাদনশীল গ্যাসক্ষেত্র থেকে দৈনিক প্রায় ১ হাজার ৬৩০ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) প্রাকৃতিক গ্যাস উৎপাদন করছে। একই সঙ্গে দেশীয় গ্যাস উৎপাদন উল্লেখযোগ্যভাবে বাড়াতে অনুসন্ধান, কূপ খনন এবং অফশোর কার্যক্রমসহ বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। বুধবার (৮ জুলাই) জাতীয় সংসদ অধিবেশনে সরকারি দলের সংসদ সদস্য সেলিনা সুলতানার (সংরক্ষিত নারী আসন-৩৫) একটি লিখিত প্রশ্নের জবাবে মন্ত্রী আরও বলেন, দেশে এ পর্যন্ত ৩০টি গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হলেও বর্তমানে ২০টি গ্যাসক্ষেত্র থেকে উৎপাদন চলছে। তিনি জানান, উৎপাদনশীল গ্যাসক্ষেত্রগুলো হলো—তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী, মেঘনা, সিলেট, কৈলাশটিলা, রশিদপুর, বিয়ানীবাজার, সালদা, সুন্দলপুর, শ্রীকাইল, শাহবাজপুর, ফেঞ্চুগঞ্জ, বেগমগঞ্জ, সেমুতাং, বিবিয়ানা, মৌলভীবাজার, জালালাবাদ ও বাঙ্গুরা। গ্যাস উৎপাদন বাড়াতে সরকারের উদ্যোগ তুলে ধরে ইকবাল হাসান মাহমুদ বলেন, নির্বাচনি ইশতেহারের অঙ্গীকার অনুযায়ী বর্তমান সরকার স্থলভাগ ও সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধান এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। তিনি বলেন, ২০৩১ সালের মধ্যে ১৫০টি কূপ খনন ও ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এরই মধ্যে ২৯টি কূপ খনন বা ওয়ার্কওভার সম্পন্ন হয়েছে এবং আরও ৮টি কূপে কাজ চলছে। অবশিষ্ট কূপগুলোর জন্য উন্নয়ন প্রকল্প অনুমোদনসহ প্রয়োজনীয় প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে। মন্ত্রী বলেন, নতুন সম্ভাব্য গ্যাসক্ষেত্র শনাক্তে ব্যাপক ভূকম্পীয় (সিসমিক) জরিপও পরিচালিত হচ্ছে। ব্লক-৭ ও ৯-এ প্রায় ৪ হাজার ৫০০ লাইন কিলোমিটার দ্বিমাত্রিক (২ডি) সিসমিক তথ্য সংগ্রহ করা হয়েছে এবং বর্তমানে সেগুলোর তথ্য বিশ্লেষণের কাজ চলছে। তিনি জানান, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা গ্যাসক্ষেত্র সংলগ্ন প্রায় ১ হাজার ৪৫০ বর্গকিলোমিটার এলাকায় শিগগির ত্রিমাত্রিক (৩ডি) সিসমিক জরিপ শুরু হবে।

এছাড়া ভোলার চরফ্যাশন, ছাতক-দোয়ারাবাজার, জামালপুর, তিতাস, হবিগঞ্জ ও নরসিংদী গ্যাসক্ষেত্রসংলগ্ন এলাকা এবং লামিগাঁও, লালাবাজার, গোয়াইনঘাট, দক্ষিণ কৈলাশটিলা ও পশ্চিম ফেঞ্চুগঞ্জ এলাকার সম্ভাব্য কাঠামোতেও একই ধরনের জরিপের পরিকল্পনা নেওয়া হয়েছে। তিনি বলেন, ব্লক-১২-এ ২৫৫ লাইন কিলোমিটার এবং হিঞ্জ জোন ও ফোরডিপ এলাকায় ১ হাজার ৫০০ লাইন কিলোমিটার ২ডি সিসমিক জরিপ পরিচালনার পরিকল্পনাও রয়েছে। অফশোর অনুসন্ধান প্রসঙ্গে জ্বালানি মন্ত্রী বলেন, সরকার ২০২৬ সালের ২৪ মে 'বাংলাদেশ অফশোর বিডিং রাউন্ড-২০২৬'-এর বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এর মাধ্যমে ১৫টি গভীর সমুদ্র ব্লক ও ১১টি অগভীর সমুদ্র ব্লকসহ মোট ২৬টি অফশোর ব্লকে তেল-গ্যাস অনুসন্ধানের জন্য আন্তর্জাতিক কোম্পানিগুলোকে আহ্বান জানানো হয়েছে। দরপত্র জমা দেওয়ার সময়সীমা

আগামী নভেম্বর পর্যন্ত নির্ধার ণ করা হয়েছে। তিনি বলেন , স্থলভাগে তেল-গ্যাস অনুসন্ধান ত্বরান্বিত করতে নির্বাচিত এলাকায় আন্তর্জাতিক অনশোর বিডিং রাউন্ড আহ্বানের প্রাথমিক প্রস্তুতিও চলছে। রাষ্ট্রীয় অনুসন্ধান প্রতিষ্ঠান বাপেক্সকে শক্তিশালী করার লক্ষ্যে বিদ্যমান পাঁচটি ড্রিলিং রিগের সঙ্গে যুক্ত করার জন্য ২ হাজার অশ্বশক্তি এবং ১ হাজার ৫০০ অশ্বশক্তির আরও দুটি ড্রিলিং রিগ কেনার কার্যক্রমও চলমান রয়েছে বলে জানান তিনি। অর্জনের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, ১৫০টি কূপ খনন ও ওয়ার্কওভার কর্মসূচির আওতায় এরই মধ্যে ২৯টি কূপের কাজ সম্পন্ন হয়েছে। ফলে দৈনিক ২৭০ দশমিক ৮ মিলিয়ন ঘনফুট গ্যাসের মজুত নিশ্চিত হয়েছে এবং প্রাথমিকভাবে দৈনিক ১৩৯ দশমিক ৬ মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে যুক্ত করা সম্ভব হয়েছে। তিনি বলেন , বাপেক্সের মাধ্যমে ব্লক-৭ ও ৯-এ ৪ হাজার ৫০০ লাইন কিলোমিটার ২ডি সিসমিক জরিপ সম্পন্ন হওয়ায় তথ্য বিশ্লেষণের পর নতুন কূপ খননের সম্ভাব্য স্থান চিহ্নিত করা সহজ হবে। মন্ত্রী জানান, দুই হাজার অশ্বশক্তির ড্রিলিং রিগ ক্রয়ের দরপত্র মূল্যায়ন বর্তমানে চলমান। পরিকল্পিত দুটি নতুন রিগ সংগ্রহ করা সম্ভব হলে বাপেক্সের মোট রিগের সংখ্যা সাতটিতে উন্নীত হবে। এতে কম সময়ে অধিক সংখ্যক কূপ খনন সম্ভব হবে এবং দেশীয় গ্যাস উৎপাদন আরও বাড়বে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## বজ্রপাতপ্রবণ এলাকায় মাল্টিপারপাস আশ্রয়কেন্দ্র নির্মাণ করবে সরকার

বজ্রপাতজনিত প্রাণহানি কমাতে দেশের অধিক বজ্রপাতপ্রবণ এলাকায় বজ্রনিরোধক ব্যবস্থা সম্বলিত মাল্টিপা রপাস আশ্রয়কেন্দ্র নির্মাণের উদ্যোগ নিয়েছে সরকার। বুধবার (৮ জুলাই) জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের সদস্য আরিফা সুলতানার এক নোটিশের জবাবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু এ কথা বলেন। মন্ত্রী বলেন, বাংলাদেশে বজ্রপাত একটি ক্রমবর্ধমান প্রা কৃতিক দুর্যোগে পরিণত হয়েছে এবং সরকার ইতোমধ্যে বজ্রপাতকে জাতীয় দুর্যোগ হিসেবে ঘোষণা করেছে। প্রাণহানি ও ক্ষয়ক্ষতি কমাতে সচেতনতা বৃদ্ধি , প্রকল্প গ্রহণ এবং আর্থিক সহায়তাসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তিনি জানান , প্রতিবছর মার্চ থেকে জুন পর্যন্ত দেশব্যাপী বজ্রপাতবিষয়ক জনসচেতনতামূলক প্রচার চালানো হয়। জেলা প্রশাসন , উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে লিফলেট বিতরণ এবং শিক্ষা , ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। আসাদুল হাবিব দুলু বলেন, দেশের অধিক বজ্রপাতপ্রবণ ১৫টি জেলায় 'বজ্রপাতের ফলে প্রাণহানি রোধে বজ্র নিরোধক ব্যবস্থা গ্রহণ', 'কৃষক ছাউনি' এবং 'বজ্র নিরোধক দণ্ড স্থাপন' শীর্ষক প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। এর আওতায় চলনবিল অঞ্চলের বগুড়া, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ এবং হাওর এলাকাগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি বলেন, হাওর এলাকায় ধান কাটার সময় কৃষক এবং বর্ষাকালে মাছ ধরতে গিয়ে জেলেরা বজ্রপাতে নিহত হচ্ছেন। এ পরিস্থিতি মোকাবিলায় ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র ও বন্যা আশ্রয়কেন্দ্রের আদলে বজ্রপাতের জন্যও মাল্টিপারপাস আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে। এসব আশ্রয়কেন্দ্রে বজ্র নিরোধক দণ্ড ও সতর্কীকরণ অ্যালার্ম থাকবে। আকাশে বজ্রঝড়ের আশঙ্কা দেখা দিলে কৃষক ও জেলেরা সেখানে নিরাপদ আশ্রয় নিতে পারবেন। মন্ত্রী বলেন, সাম্প্রতিক বছরগুলোতে বজ্রপাতের ঘটনা ভয়াবহ আকার ধারণ করেছে। বিশেষ করে উত্তরাঞ্চল ও হাওর অঞ্চলে এর প্রকোপ বেশি। চলনবিলসহ দেশের সব অধিক ঝুঁকিপূর্ণ এলাকায় জনগণের জীবন -জীবিকা সুরক্ষায় প্রয়োজনীয় প্রকল্প অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে বাস্তবায়নে সরকার কাজ করছে। এসব প্রকল্প বাস্তবায়িত হলে বজ্রপাতজনিত প্রাণহানি উল্লেখযোগ্যভাবে কমে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি আরও জানান, বজ্রপাতে নিহত ব্যক্তির পরিবারকে তাৎক্ষণিক আর্থিক সহায়তার পরিমাণ ২৫ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫০ হাজার টাকা করা হয়েছে। এছাড়া বজ্রপাতে গবাদিপশুর মৃত্যু হলেও ক্ষতিগ্রস্তদের আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## মালয়েশিয়া যেতে আগাম লেনদেন ও মেডিকেল টেস্ট নিয়ে সতর্কবার্তা

মালয়েশিয়া যেতে আগাম লেনদেন ও মেডিকেল টেস্ট নিয়ে সতর্কতা জারি করেছে সরকার। এ বিষয়ে সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি প্রকাশ না হওয়া পর্যন্ত মালয়েশিয়া গমনেচ্ছুদের সঙ্গে রিক্রুটিং এজেন্সিগুলো র কোনো প্রকার যোগাযোগ, চুক্তি বা আর্থিক লেনদেন না করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। বুধবার (৮ জুলাই) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয় , কর্মী প্রেরণ প্রক্রিয়া আনুষ্ঠানিক ভাবে শুরু হওয়ার পূর্বে কোনো প্রকার মেডিকেল টেস্ট করা বা এ বাবদ কোনো অর্থ লেনদেন থেকে বিরত থাকতে হবে। এছাড়া রিক্রুটিং এজেন্টদের জন্য নির্দেশনায় বলা হয়েছে , সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি প্রকাশিত না হওয়া পর্যন্ত কোনো এজেন্সি মালয়েশিয়া গমনেচ্ছু কর্মী দের সঙ্গে কোনো বিষয়ে চুক্তিবদ্ধ হতে পারবে না। এছাড়া পাসপোর্ট সংগ্রহ , মেডিক্যাল টেস্ট এবং কোনো ধরনের আর্থিক লেনদেন করা থেকেও রিক্রুটিং এজেন্টদের বিরত থাকার জন্য কঠোর নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রণালয় জানিয়েছে , মালয়েশিয়া গমন বা এ সংক্রান্ত যে কোনো বিষয়ে অ ভিযোগ অথবা তথ্যের জন্য প্রবাসী কল সেন্টারের ১৬১৩৫ (দেশ থেকে) এবং +৮৮০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মালয়েশিয়া সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা মো . হেদায়েতুল ইসলাম মন্ডলের সঙ্গে যোগাযোগ করতে

বলা হয়েছে। টেলিফোন নম্বর : + ০২-৪১০৩০২৪১, ইমেইল: dsemployment1@probashi.gov.bd এবং মোবাইল নম্বর: ০১৭১৬০৪৮১১৫-এ সরাসরি যোগাযোগ করা যাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## লবণ চাষে স্বল্পসুদে ঋণ বিতরণে সরকারের নানা উদ্যোগ

সরকার লবণচাষিদের ন্যায্যমূল্য নিশ্চিত করতে এবং কক্সবাজার ও চট্টগ্রামে লবণচাষে সহায়তা দিতে স্বল্পসুদে ঋণ সুবিধা সম্প্রসারণসহ বিভিন্ন পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। বুধবা র (৮ জুলাই) জাতীয় সংসদে চট্টগ্রাম -১৬ আসনের সদস্য মোহাম্মদ জহিরুল ইসলামের এক লিখিত প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। এ সময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম অধিবেশনে সভাপতিত্ব করেন। শিল্পমন্ত্রী বলেন, ২০২৫-২৬ অর্থবছরে কক্সবাজারের ৩২ হাজার ৪১০ জন এবং চট্টগ্রামের ৭ হাজার ৭৪০ জনসহ মোট ৪০ হাজার ১৫০ জন লবণচাষি ৬৭ হাজার ৭৫৭ একর জমিতে লবণচাষ করে ১৯ লাখ ৪৫ হাজার মেট্রিক টন লবণ উৎপাদন করেছেন। তিনি বলেন, উৎপাদন ব্যয় যাচাই করে মাঠপর্যায়ে লবণের ন্যূনতম মূল্য নির্ধারণের ব্যবস্থা নেওয়া হয়েছে, যাতে লবণচাষিরা তাদের উৎপাদিত লবণের ন্যায্যমূল্য পান। মন্ত্রী বলেন, শিল্প খাতে ব্যবহারের জন্য লবণ আমদানির সর্বোচ্চ সীমা নির্ধারণের মাধ্যমে সরকার লবণ আমদানি নিয়ন্ত্রণ করছে। সোডিয়াম সালফেট বা ডাইসোডিয়াম সালফেটের নামে যাতে সোডিয়াম ক্লোরাইড আমদানি করা না যায়, সে জন্য শুল্ক ছা ড়ের আগে পরীক্ষাগারে পরীক্ষা নিশ্চিত করা হচ্ছে। খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, সরকার লবণের আমদানি শুল্কহার পর্যালোচনা করছে। পাশাপাশি দেশীয়ভাবে উৎপাদিত লবণের গুণগত মান উন্নয়নে নিয়মিত চাষিদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। তিনি বলেন, এসব উদ্যোগের ফলে গত বছরের একই সময়ের তুলনায় বর্তমানে লবণচাষিরা ভালো দাম পাচ্ছেন। বর্তমানে মাঠপর্যায়ে প্রতি মণ লবণের গড় মূল্য ৩৩৭ টাকা, যা গত বছরের একই সময়ে ছিল ২৭১ টাকা। লবণচাষিদের আর্থিক সহায়তার বিষয়ে শিল্পমন্ত্রী বলেন, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) জামানতবিহীন ৫ শতাংশ সরল সুদে 'লবণচাষিদের জন্য বিশেষ ঋণ কর্মসূচি' চালু করেছে। তিনি জানান, এ কর্মসূচির আওতায় এ পর্যন্ত ৬৭৭ জন লবণচাষির মধ্যে ৩ কোটি ২৫ লাখ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নীতিমালার আওতায় তফসিলি ব্যাংকের মাধ্যমে প্রকৃত লবণচাষিদের ৪ শতাংশ রেয়াতি সুদে ঋণ প্রদান করা হচ্ছে বলেও তিনি সংসদকে জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## এআই-সৃষ্ট গুজব মোকাবিলায় পদক্ষেপ নেওয়া হচ্ছে সংসদে তথ্য ও সম্প্রচার মন্ত্রী

কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও ডিপফেক প্রযুক্তির অপব্যবহার থেকে সৃষ্ট গুজব, ভুল তথ্য, বিভ্রান্তিকর তথ্য এবং সাইবার অপরাধ প্রতিরোধে সরকার নীতিগত ও প্রাতিষ্ঠানিক পদক্ষেপ অব্যাহত রেখেছে। একই সঙ্গে গণমাধ্যমের স্বাধীনতাও নিশ্চিত করা হচ্ছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। বুধবার (৮ জুলাই) সিরাজগঞ্জ-৪ আসনের বিরোধী দলের সদস্য মো. রফিকুল ইসলাম খানের এক লিখিত প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, মন্ত্রণালয়ের স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) তাদের 'বাংলাফ্যাক্ট' ফ্যাক্ট-চেকিং ও মিডিয়া অ্যানালাইসিস উদ্যোগের মা ধ্যমে এ ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করছে। তিনি জানান, এ পর্যন্ত বাংলাফ্যাক্ট ৮৬০টি ফ্যাক্ট-চেক, বিশ্লেষণধর্মী প্রতিবেদন, অনুসন্ধানী প্রতিবেদন, ভিডিও ও রিল প্রকাশ করেছে। এর মধ্যে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর প্রকাশিত হয়েছে ৩০৬টি। দক্ষতা উন্নয়ন কার্যক্রমের বিষয়ে মন্ত্রী বলেন, ২০২৪ সালের ১ অক্টোবর থেকে ২০২৬ সালের জুন পর্যন্ত দেশের ৬৪ জেলায় ১৪১টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। এসব কর্মশালায় ৬ হাজার ৭৭৪ জন সাংবাদিক প্রশিক্ষণ পেয়েছেন। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর ২০টি প্রশিক্ষণ কর্মশালায় ৭৩৯ জন সাংবাদিক অংশ নিয়েছেন। তিনি বলেন, এআই, ডিজিটাল সাংবাদিকতা ও ফ্যাক্ট-চেকিং বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণ কর্মসূচিও অব্যাহত রয়েছে। জহির উদ্দিন স্বপন আরও বলেন, বাংলাফ্যাক্ট নিয়মিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের নামে খোলা ভুয়া সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাকাউন্ট, পেজ ও গ্রুপ, পাশাপাশি ভুল তথ্য ছড়ানোর সঙ্গে জড়িত ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাকাউন্ট শনাক্ত করছে। তিনি বলেন, বর্তমানে প্রতিদিন গড়ে তিন থেকে পাঁচটি দাবি যাচাই-বাছাই করে প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে। এছাড়া গণমাধ্যমকর্মীদের জন্য একটি 'ফ্যাক্ট-চেকিং ম্যানুয়াল' প্রকাশের কাজও চূড়ান্ত পর্যায়ে রয়েছে। জাতীয় ফ্যাক্ট-চেকিং কাঠামো প্রসঙ্গে মন্ত্রী বলেন, গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত রেখে ডিজিটাল প্ল্যাটফর্মে গুজব, ভুল তথ্য ও সাইবার অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় নীতিগত ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাগুলোর সমন্বয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কার্যক্রম অব্যাহত রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৭.২০২৬ রুবাইয়া)

## চ্যালেঞ্জের বছরেও যুক্তরাষ্ট্রে রপ্তানি বেড়েছে ধীরগতিতে তৈরি পোশাক

বৈশ্বিক বাণিজ্যের অনিশ্চয়তা, প্রতিকূল পরিস্থিতি এবং যুক্তরাষ্ট্রের ট্রাম্প প্রশাসনের শুল্ক আরোপের নেতিবাচক প্রভাবের মধ্যেও সদ্য সমাপ্ত ২০২৫–২৬ অর্থবছরে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রপ্তানি ৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তবে দেশের সর্ববৃহৎ রপ্তানি আয়কারী খাত তৈরি পোশাক (আরএমজি) থেকে রপ্তানি আয় একই সময়ে বেড়েছে মাত্র ২ দশমিক ৬৩ শতাংশ। বিশেষজ্ঞ ও রপ্তানিকারকরা বাংলাদেশের রপ্তানি প্রবৃদ্ধি ধীর হওয়ার পেছনে বৈশ্বিক ও অভ্যন্তরীণ রাজনৈতিক

অস্থিরতা, যুক্তরাষ্ট্রের শুল্কনীতি নিয়ে উদ্বেগ এবং উচ্চ মূল্যস্ফীতির কারণে দেশটির বাজারে চাহিদা কমে যাওয়াকে অন্যতম কারণ হিসেবে উল্লেখ করেছেন। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের মোট রপ্তানি আয় দাঁড়িয়েছে ৯ দশমিক ০৪ বিলিয়ন ডলারে, যা আগের অর্থবছরের তুলনায় ৪ দশমিক ০৯ শতাংশ বেশি। ২০২৪-২৫ অর্থবছরে দেশটিতে বাংলাদেশের রপ্তানি আয় ছিল ৮ দশমিক ৬৯ বিলিয়ন ডলার। অন্যদিকে, দেশের প্রধান রপ্তানি খাত তৈরি পোশাক (আরএমজি) পণ্যের রপ্তানি আয় ২০২৫-২৬ অর্থবছরে বেড়েছে ২ দশমিক ৬৩ শতাংশ। এ সময়ে যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি থেকে আয় হয়েছে ৭ দশমিক ৭৪ বিলিয়ন ডলার, যা ২০২৪-২৫ অর্থবছরে ছিল ৭ দশমিক ৫৪ বিলিয়ন ডলার। বলা যায়, পোশাক বহির্ভূত খাতের রপ্তানি ভালো না করলে সামগ্রিক রপ্তানি আয় আরও কম হতে পারত। দেখা গেছে কয়েকটি গুরুত্বপূর্ণ পোশাক বহির্ভূত খাতের ইতিবাচক পারফরম্যান্স সামগ্রিক রপ্তানি প্রবৃদ্ধি ধরে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। ২০২৫-২৬ অর্থবছরে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পোশাক বহির্ভূত (নন-অ্যাপারেল) পণ্যের রপ্তানি ১৩ দশমিক ৭১ শতাংশ বেড়েছে। এ সময়ে এ খাতের রপ্তানি আয় দাঁড়িয়েছে ১ দশমিক ৩০ বিলিয়ন ডলারে, যা ২০২৪-২৫ অর্থবছরে ছিল ১ দশমিক ১৫ বিলিয়ন ডলার। অন্যদিকে, একই সময়ে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের তৈরি পোশাক (অ্যাপারেল) রপ্তানি বেড়েছে ২ দশমিক ৬৩ শতাংশ। ২০২৫-২৬ অর্থবছরে পোশাক রপ্তানি আয় হয়েছে ৭ দশমিক ৭৪ বিলিয়ন ডলার, যা আগের অর্থবছরে ৭ দশমিক ৫৪ বিলিয়ন ডলার ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## সামনে স্থানীয় নির্বাচন, সবার সহযোগিতা চাই: ইসি সানাউল্লাহ

স্থানীয় নির্বাচনে সবার সহযোগিতা কামনা করেছেন নির্বাচন কমিশনার (ইসি) ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। বুধবার (৮ জুলাই) রাজধানীর একটি হোটেলে দুই দিনব্যাপী সংলাপের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এই সহযোগিতা প্রত্যাশা করেন। ফেব্রুয়ারিতে ত্রয়োদশ সংসদ নির্বাচন করার পর ইসি বর্তমানে স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতিতে কাজ করছে। বিধি সংস্কারে অংশীজনদের মতামত নিচ্ছে ইসি। এবার জাতীয় সংসদ নির্বাচন পর্যবেক্ষণ করেছে আন্তর্জাতিক ও দেশীয় অনেক সংস্থা। এরই মধ্যে ইউরোপীয় ইউনিয়ন , আনফ্রেল, কমনওয়েলথ পর্যবেক্ষক দল তাদের পর্যবেক্ষণ তুলে ধরেছে। এরই ধারাবাহি কতায় অংশীজনদের সঙ্গে পর্যবেক্ষণ সুপারিশ নিয়ে এই সংলাপের আয়োজন। স্থানীয় পর্যবেক্ষক, সিভিল সোসাইটি অর্গানাইজেশন, নির্বাচন কর্মকর্তাসহ অর্ধশতাধিক প্রতিনিধি ইউরোপিয়ান পার্টনারশিপ ফর ডেমোক্রেসি (ইপিডি) এবং ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেকটোরাল সিস্টেম (আইএফইএস) এর যৌথ উদ্যোগে নির্বাচন পর্যবেক্ষণ সংক্রান্ত সুপারিশ , সংস্কারের অগ্রাধিকার এবং বাস্তবায়ন - সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে এ সংলাপে অংশ নিচ্ছেন। উদ্বোধনী বক্তব্যে ইসি সানাউল্লাহ বলেন , নির্বাচন পর্যবেক্ষণ সংক্রান্ত অনেক সুপারিশ পেয়েছি। এসব পরীক্ষা নিরীক্ষা করে ও আলোচনা করে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিতে পারব আশা করি। সব সুপারিশ পর্যালোচনা করে সামনের নির্বাচনে সংস্কার অগ্রাধিকার ও বাস্তবায়নে চেষ্টা করা হবে। এই নির্বাচন কমিশনার বলেন , নির্বাচনের আগে -পরে অবজার গ্রুপ , অংশীজনদের মতামত নিয়েছি ; সবার সহযোগিতা পেয়েছি। এ সংলাপের মাধ্যমে নির্বাচন কীভাবে আরও অন্তর্ভুক্তিমূলক করা যায় সে সুপারিশ আসবে আশা করি। গণতন্ত্রের উত্তরণে এটি চলমান প্রক্রিয়া। তিনি বলেন , নির্বাচনের পরে যেসব সুপারিশ এসেছে তা আমরা মূল্যায়ন করছি, যেন এ ধারাবাহিকতা এগিয়ে নিতে পারি। দুই দিনের অংশীজন সংলাপে পাওয়া সুপারিশও আমরা কাজে লাগাবো। সামনে স্থানীয় নির্বাচন রয়েছে, সবার সহযোগিতা কামনা করি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## শনিবার ঢাকা মেডিকেলে যাচ্ছেন প্রধানমন্ত্রী

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) ও হাসপাতালের ৮০ বছর পূর্তি উপল ক্ষ্যে আগামী শনিবার (১১ জুলাই) প্রতিষ্ঠানটি পরিদর্শন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ উপলক্ষে ক্যাম্পাসে চলছে নানা প্রস্তুতি। বর্তমান ও সাবেক শিক্ষার্থীরা প্রধানমন্ত্রীর এ সফরকে মিলনমেলার সঙ্গে তুলনা করছেন। সফরকালে প্রধানমন্ত্রী স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের '২০ হোস্টেল প্রকল্প'-এর আওতায় দুটি ছাত্রী হোস্টেলের নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এছাড়া তিনি বৃক্ষরোপণ করবেন এবং একটি আলোচনা সভায়ও অংশ নেবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর সহধর্মিণী ও ঢাকা মেডিকেল কলেজের সাবেক শিক্ষার্থী ডা . জুবাইদা রহমানও উপস্থিত থাকবেন। প্রধানমন্ত্রী র সফর কেন্দ্র করে ঢাকা মেডিকেল কলেজ ক্যাম্পাসে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। শিক্ষার্থীরা আশা করছেন, এ সফরের মাধ্যমে প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা সমাধানে কার্যকর উদ্যোগ নেওয়া হবে। তাদের ভাষ্য , দেশের অন্যতম ঐতিহ্যবাহী এ প্রতিষ্ঠান নানা সংকটের মধ্যেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। প্রধানমন্ত্রীর আগমন শিক্ষক , শিক্ষার্থী, চিকিৎসক ও কর্মকর্তাদের আরও উৎসাহিত করবে। একই সঙ্গে প্রতিষ্ঠানের সাবেক শিক্ষার্থী ডা . জুবাইদা রহমানের উপস্থিতিও তাদের কাছে বিশেষ আনন্দের। ঢাকা মেডিকেল কলেজ ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক ও বিএনপির স্বাস্থ্যবিষয়ক সম্পাদক ডা . রফিকুল ইসলাম বলেন, ঢাকা মেডিকেল কলেজ দেশের একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। ১৯৭১ সালের মহান স্বাধীনতা যুদ্ধ , ১৯৯০ সালের গণ–অভ্যুত্থান এবং ২০২৪ সালের জুলাই গণ –অভ্যুত্থানেও এ প্রতিষ্ঠানের অবদান অবিস্মরণীয়। তিনি বলেন, সাবেক প্রধা নমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা মেডিকেলের অবকাঠামোগত উন্নয়নে বহু পরিকল্পনা বাস্তবায়ন করেছিলেন। সেই ধারাবাহিকতায় প্রধানমন্ত্রী তারেক রহমান প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে প্রিয় ক্যাম্পাসে আসছেন , যা

অত্যন্ত আবেগঘন ও আনন্দের। ঢামেক শাখা ছাত্রদলের সাবেক সভাপতি এবং বাং লাদেশ জাতীয়তাবাদী যুবদলের স্বাস্থ্যবিষয়ক সম্পাদক ডা . বেলাল হোসেন নাজিম বলেন , দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে প্রধানমন্ত্রী তারেক রহমানের নিরলস কাজ করার অঙ্গীকার অনুপ্রাণিত করে। বর্তমান সরকারের প্রতিটি পদক্ষেপ সুপরিকল্পিত ও আধুনিক। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে অতি ভারী বৃষ্টিতে বিপর্যস্ত জনজীবন

টানা তিন দিন ধরে ভারী বৃষ্টি হচ্ছে চট্টগ্রামে। নগরীতে টানা ভারী বর্ষণে তৈরি হয়েছে জলাবদ্ধতা। কোথাও কোথাও তলিয়ে গেছে সড়ক। কোথাও হাঁটুসমান আবার কোথাও কোমরসমান পানি জমে বিপর্যস্ত জনজীবন। চরম ভোগান্তিতে পড়েছেন অফিসগামী মানুষ , শিক্ষার্থী, রোগী ও সাধারণ পথচারীরা। এদিকে , পাহাড়ি এলাকার মানুষজনকে অন্যত্র আশ্রয় নেওয়ার অনুরোধ জানিয়েছে জেলা প্রশাসন। বুধবার (৮ জুলাই) সকাল থেকে এখন পর্যন্ত নগরের কাতালগঞ্জ , বাদামতলী, কাপাসগোলা, আগ্রাবাদ এক্সেস রোড , চান্দগাঁও, মোহরা, চকবাজার, হালিশহর, পতেঙ্গা, বন্দর ও উত্তর আগ্রাবাদসহ বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা তৈরি হয়েছে। নিচু এলাকায় কোথাও কোথাও কোমরসমান পানি জমে গেছে। অনেকের বাসাবাড়ি, দোকানপাট ও ব্যবসাপ্রতিষ্ঠানেও পানি ঢুকে পড়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ বশির আ হমদ জাগো নিউজকে বলেন , মঙ্গলবার রাত ৯টা থেকে আজ বুধবার সকাল ৯টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ২৩৭.৫ মিলিমিটার বৃষ্টি হয়েছে। যেখানে মঙ্গলবার সন্ধ্যা ৬টা থেকে আজ সকাল ৬টা পর্যন্ত ২৬৭ মিলিমিটার বৃষ্টি ছিল। তিনি বলেন, বৃষ্টি একটু কমেছে। তবে এখনো ভারী বৃষ্টির আভাস আছে। বৃষ্টি আরও বাড়তে পারে। মৌসুমি বায়ু সক্রিয় থাকায় আগামী কয়েক দিনও ভারী থেকে অতি ভারী বর্ষণ অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সরেজমিনে দেখা যায় , সড়কে জমে থাকা পানিতে অনেকের মোটরসাইকেল ও ব্যক্তিগত গাড়ি বিকল হয়ে পড়ে। কিছু এলাকায় রিকশা ও সিএনজিচালিত অটোরিকশা চলাচল বন্ধ হয়ে গেছে। গণপরিবহনের সংখ্যা কমে যাওয়ায় বিভিন্ন বাসস্টপে যাত্রীদের দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। অনেকেই বাধ্য হয়ে হেঁটে গন্তব্যে রওয়ানা দেন। জলাবদ্ধতার কারণে কয়েকটি এলাকায় সড়ক ও নালার পার্থক্য বোঝা যাচ্ছিল না। এতে চলাচলের সময় দুর্ঘটনার আশঙ্কাও তৈরি হয়েছে। অনেক অভিভাবককে সন্তানদের কোলে নিয়ে কিংবা কাঁধে তুলে জলাবদ্ধ সড়ক পার হতে দেখা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## আরেক মামলায় গ্রেফতার খায়রুল হক, কারামুক্তি আপাতত স্থগিত

বনানী থানায় দায়ের করা হত্যাচেষ্টা ও বিস্ফোরক দ্রব্য আইনের মামলায় সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হককে গ্রেফতার দেখানোর নির্দেশ দিয়েছেন আদালত। বুধবার (৮ জুলাই) তাকে কারাগার থেকে ভার্চুয়ালি আদালতে হাজির করা হলে শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমান এ আদেশ দেন। এ নিয়ে খায়রুল হককে মোট নয়টি মামলায় গ্রে ফতার দেখানো হলো। এর মধ্যে আটটি মামলায় তিনি জামিন পেলেও সর্বশেষ এ মামলায় গ্রেফতার দেখানোয় তার মুক্তি আপাতত স্থগিত হয়ে গেছে। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) প্রসিকিউশন বিভাগের উপপরিদর্শক (এসআই) মোক্তার হোসাইন জানান , গ্রেফতার দেখানোর আদেশের পর আসামিপক্ষ জামিনে র আবেদন করেছে। দুপুরে ওই আবেদনের ওপর শুনানি হওয়ার কথা রয়েছে। আদালত সূত্রে জানা যায় , গত ২ জুলাই বনানী থানার মামলার তদন্ত কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) সাইফুল ইসলাম খায়রুল হককে এ মামলায় গ্রেফতার দেখানোর আবেদন করেন। আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত তাকে কারাগার থেকে ভার্চুয়ালি যুক্ত করে শুনানির জন্য বুধবার দিন ধার্য করেন। মামলার অভিযোগে বলা হয়েছে , ২০২৪ সালের ৪ আগস্ট জুলাই আন্দোলনের সময় মহাখালী সেতু ভবনের সামনে আন্দোলনকারীরা অবস্থান করছিলেন। সেখান থেকে শাহবাগের দিকে যাওয়ার সময় তাদের ওপর হামলা, গুলিবর্ষণ, ককটেল ও হাতবোমা নিক্ষেপ করা হয়। এতে উজ্জ্বল মিয়াসহ ২৫ থেকে ৩০ জন আহত হন। পরে উজ্জ্বল মিয়া বাদী হয়ে বনানী থানায় হত্যাচেষ্টা ও বিস্ফোরক দ্রব্য আইনে মামলা দায়ের করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## ২ ফুট পানির নিচে রেললাইন, হাঁটু পানিতে নেমে পরিদর্শন প্রতিমন্ত্রীর

টানা ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে চট্টগ্রাম -কক্সবাজার রেলপথের ষোলশহর ও জানআলীহাট স্টেশনের মধ্যবর্তী প্রায় ৫০০ মিটার রেললাইন পানির নিচে তলিয়ে গেছে। এতে নিরাপত্তার স্বার্থে এ পথে ট্রেন চলাচল সাময়িকভাবে বন্ধ রেখেছে বাংলাদেশ রেলওয়ে। বুধবার (৮ জুলাই) বেলা সাড়ে ১১টার দিকে ক্ষতিগ্রস্ত এলাকা গ্যাংকারে করে পরিদর্শনে যান রেলপথ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ। এ সময় তিনি হাঁটুসমান পানিতে নেমে রেললাইনের পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। বাংলাদেশ রেলওয়ে জানায় , কয়েক দিনের টানা বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে রেললাইনের প্রায় ৫০০ মিটার অংশ প্রায় দুই ফুট পানির নিচে তলিয়ে যায়। পরিদর্শনের সময়ও সেখানে দেড় ফুটের মতো পানি ছিল। প্রতিমন্ত্রীর সঙ্গে পরিদর্শনে ছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র এবং বাংলাদেশ রেলওয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা। তারা রেল চলাচলের সার্বিক পরিস্থিতি , নিরাপত্তা ব্যবস্থা, জলাবদ্ধতার কারণ এবং দ্রুত ট্রেন চলাচল স্বাভাবিক করার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করেন। রেলওয়ে জানিয়েছে , যাত্রীদের নিরাপত্তার কথা বিবেচনা করে চট্টগ্রাম-কক্সবাজার রুটে ট্রেন চলাচল পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে। তবে রেললাইনের কোনো কাঠামোগত ক্ষতি হয়নি। পানি নেমে পরিস্থিতি স্বাভাবিক হলে পুনরায় ট্রেন চলাচল শুরু করা হবে। এ পরিস্থিতিতে

ঢাকা থেকে আসা কক্সবাজার এক্সপ্রেসের চট্টগ্রাম থেকে কক্সবাজারগামী যাত্রা বাতিল করা হয়েছে। ট্রেনটি বুধবার বিকেল চারটায় চট্টগ্রাম থেকে ঢাকার উদ্দেশ্যে ছেড়ে যাওয়ার কথা রয়েছে। রেলওয়ে কর্তৃপক্ষ জানিয়েছে, যেসব যাত্রী ভ্রমণ বাতিল করতে চান, তারা সংশ্লিষ্ট স্টেশনের কাউন্টার থেকে প্রচলিত নিয়ম অনুযায়ী টিকিটের মূল্য ফেরত নিতে পারবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## উজানের ঢল-টানা বৃষ্টিতে ফুঁসছে মুহুরী-কহুয়া-সিলোনীয়া

টানা বর্ষণ আর ভারতের উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ফেনীর মুহুরী, কহুয়া ও সিলোনীয়া নদীর পানি আশঙ্কাজনক হারে বাড়ছে। এতে জেলার উত্তরাঞ্চলের পরশুরাম, ফুলগাজী ও ছাগলনাইয়া উপজেলার নদী তীরবর্তী লাখো মানুষের মধ্যে নতুন করে বন্যা আতঙ্ক দেখা দিয়েছে। পরিস্থিতি মোকাবিলায় জেলা প্রশাসন জরুরি সভা ডেকে আগাম প্রস্তুতি শুরু করেছে। জেলা আবহাওয়া অফিসের তথ্যমতে, বুধবার (৮ জুলাই) সকাল ৬টা পর্যন্ত পূর্ববর্তী ২৪ ঘণ্টায় ফেনীতে ৫২ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। জেলা আবহাওয়া কর্মকর্তা মুজিবুর রহমান জানান, মৌসুমি বায়ুর প্র ভাবে অঞ্চলটিতে বৃষ্টিপাত আরও কয়েকদিন অব্যাহত থাকতে পারে। এদিকে পানি উন্নয়ন বোর্ড (পাউবো) জানিয়েছে, বৃষ্টির সঙ্গে ভারতের ত্রিপুরা রাজ্য থেকে ধেয়ে আসা ঢলের কারণে মুহুরী নদীর পানি ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। সকাল ৯টায় পরশুরাম পয়েন্টে মুহুরী নদীর পানির উচ্চতা রেকর্ড করা হয়েছে ৯ দশমিক ৯০ মিটার, যা মাত্র তিন ঘণ্টা আগে সকাল ৬টায় ছিল ৯ দশমিক ৬৫ মিটার। নদীর পানি দ্রুত বৃদ্ধি পাওয়ায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধের বেশ কয়েকটি দুর্বল পয়েন্ট ঝুঁকিতে রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## সেফ সিটি ও পুলিশ প্রশিক্ষণে পাকিস্তানের সহযোগিতা চায় বাংলাদেশ

আধুনিক নগর নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা এবং পুলিশ বাহিনীর পেশাগত দক্ষতা বাড়াতে পাকিস্তানের সহযোগিতা চেয়েছে বাংলাদেশ। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত বাংলাদেশ-পাকিস্তান স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠকে 'সেফ সিটি' মডেল বাস্তবায়ন, পুলিশ কর্মকর্তাদের উচ্চতর প্রশিক্ষণ, মাদক চোরাচালান প্রতিরোধ এবং রোহিঙ্গা সংকটসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়েছে। বুধবার (৮ জুলাই) সরকারি এক তথ্য বিবরণীতে বলা হয়েছে, বাংলাদেশ ও পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীদের মধ্যে এক উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠক গতকাল (৭ জুলাই) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত হয়েছে। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এবং পাকিস্তান প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দেশটির ইন্টেরিয়র ও মাদক নিয়ন্ত্রণ বিষয়ক মন্ত্রী সৈয়দ মহসিন নাকভী। বৈঠকে দ্বিপাক্ষিক নিরাপত্তা সহযোগিতা, আঞ্চলিক স্থিতিশীলতা, মাদক চোরাচালান প্রতিরোধ, আধুনিক নগর নিরাপত্তা নিশ্চিতকরণ, পুলিশ বাহিনীর সক্ষমতা বৃদ্ধি এবং রোহিঙ্গা সংকটসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## ধানের শীষ হাতে দাঁড়িয়ে থাকা সেই নিরাপত্তাকর্মীকে প্রধানমন্ত্রীর উপহার

রাজধানীর ব্যস্ত সড়কের পাশে একটি ব্যাংকের এটিএম বুথ। প্রতিদিনের মতো সেখানেই দায়িত্ব পালন করেন নিরাপত্তাকর্মী আব্দুস সালাম। কিন্তু দায়িত্ব পালনের পাশাপাশি তার আরেকটি নীরব অভ্যাস ছিল, তা হলো প্রধানমন্ত্রী তারেক রহমানের গাড়িবহর ওই পথ দিয়ে যাওয়ার সময় হাতে ধানের শীষ নিয়ে তাকে সম্মান জানাতে দাঁড়িয়ে থাকা। তবে সেই দৃশ্য প্রধানমন্ত্রী তারেক রহমানের চোখ এড়িয়ে যায়নি, নীরবে তা খেয়াল করেছেন তিনি। শুধু তাই নয়, অবশেষে ধানের শীষ নিয়ে দাঁড়িয়ে থাকা আব্দুস সালামকে উপহারও পাঠিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (৮ জুলাই) বেলা সাড়ে ১১টার দিকে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সেক্রেটারি আতিকুর রহমান রুমন রাজধানীর রমনা এলাকায় গিয়ে আব্দুস সালামের সঙ্গে সাক্ষাৎ করে প্রধানমন্ত্রীর পক্ষ থেকে তার হাতে উপহার তুলে দেন। এসময় আব্দুস সালামের শারীরিক অবস্থা ও তার পরিবারের খোঁজখবরও নেন তিনি। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এসব তথ্য জানান। আব্দু স সালামের বাড়ি পাবনার নগরবাড়ি ঘাট এলাকায়। অর্থাভাবে ৮ মাস ধরে রমনা পুরাতন থানা ভবনের পাশে একটি বেসরকারি ব্যাংকের বুথে নিরাপত্তাকর্মীর কাজ করছেন। এর আগে তিনি গাড়ি চালাতেন। তবে স্ট্রোক করার পর আর গাড়ি চালাতে পারেন না। গাড়ির স্টিয়ারিং ছেড়ে সিকিউরিটি গার্ডের কাজ নেন তিনি। অসুস্থ শরীর নিয়েই প্রতিদিন সকাল ৮ থেকে রাত ৮টা পর্যন্ত ১২ ঘণ্টা কাজ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## অপতথ্য মোকাবিলায় নেদারল্যান্ডসের সঙ্গে কাজ করতে চায় বাংলাদেশ

ডিজিটাল যুগে অপতথ্য ও ভুল তথ্যের বিস্তার রোধে নেদারল্যান্ডসের সঙ্গে যৌথভাবে কাজ করতে চায় বাংলাদেশ। একই সঙ্গে গণমাধ্যম, নিউ মিডিয়া, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) এবং ডিজিটাল ইকোসিস্টেমের মতো খাতে দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদারের আগ্রহ প্রকাশ করেছে দুই পক্ষ। বুধবার (৮ জুলাই) নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত জোরিস ভ্যান বোমে লের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ আগ্রহের কথা জানান তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। সচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে নিজ কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। তথ্যমন্ত্রীর বলেন, স্বাধীনতার পর থেকে বাংলাদেশের সঙ্গে নেদারল্যান্ডসের একটি শক্তিশালী দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। বর্তমানে যা শিক্ষা, স্বাস্থ্য, উন্নয়ন,

ব্যবসা-বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে সম্প্রসারিত হয়েছে। তিনি এ সম্পর্ক আরও জোরদারে সরকারের সঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। জহির উদ্দিন স্বপন বলেন , বর্তমান সরকার নির্বাচিত হওয়ার পর থেকে কা জের ক্ষেত্রে গুণগত পরিবর্তন আনার চেষ্টা করছে। তিনি গণমাধ্যম ও কমিউনিকেশনের ক্ষেত্রে নেদারল্যান্ডসের সঙ্গে যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## জলাবদ্ধতা এড়াতে চট্টগ্রাম-দোহাজারী রেললাইন পাঁচ ফুট উঁচু করা হবে

টানা বৃষ্টি তে চট্টগ্রাম -কক্সবাজার রেলপথের একটি অংশ পানিতে তলিয়ে যাওয়ার পর জলাবদ্ধতার স্থায়ী সমাধানে চট্টগ্রাম থেকে দোহাজারী পর্যন্ত ৪৭ কিলোমিটার রেললাইন পাঁচ ফুট উঁচু করার পরিকল্পনার কথা জানিয়েছে রেলপথ মন্ত্রণালয়। বুধবার (৮ জুলাই) সকালে নগরের ষোলশহর এলাকায় জলাবদ্ধতায় তলিয়ে যাওয়া রেললাইন পরিদর্শন শেষে সাংবাদিকদের এ তথ্য জানান রেলপথ প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ। প্রতিমন্ত্রী বলেন, চট্টগ্রাম থেকে দোহাজারী পর্যন্ত ৪৭ কিলোমিটার রেললাইন পাঁচ ফুট উঁচু করার পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রকল্পটি বর্তমানে দরপত্র প্রক্রিয়ায় রয়েছে। কাজ বাস্তবায়িত হলে অতিবৃষ্টির সময় রেললাইন পানিতে তলিয়ে যাওয়ার আশঙ্কা কমবে এবং ট্রেন চলাচল স্বাভাবিক রাখা সম্ভব হবে। তিনি বলেন, যাত্রীদের নিরাপত্তাই সর্বোচ্চ গুরুত্ব পাচ্ছে। তাই পানি না নামা পর্যন্ত চট্টগ্রাম -কক্সবাজার রুটে ট্রেন চলাচল বন্ধ থাকবে। পরিস্থিতি স্বা ভাবিক হলে আবার ট্রেন চলাচল শুরু করা হবে। আগাম টিকিট কাটা যাত্রীরা প্রচলিত নিয়ম অনুযায়ী ভাড়া ফেরত পাবেন বলেও জানান প্রতিমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## ভারী বর্ষণে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে পার্বত্য প্রতিমন্ত্রীর নির্দেশ

কয়েকদিনের অবিরাম ব র্ষণে চট্টগ্রাম এবং পার্বত্য চট্টগ্রামের তিন জেলায় তৈরি হওয়া জলাবদ্ধতা ও স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হওয়ায় গভীর দুঃখ প্রকাশ করেছেন ভূমি ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দীন। সরকারের এক তথ্য বিবরণীতে বলা হয়েছে , মঙ্গলবার (৭ জুলাই) রাতে দেওয়া এক ভিডিও বার্তায় প্রতিমন্ত্রী প্রাকৃতিকভাবে সৃষ্ট এ বৈরী আবহাওয়া থেকে নিজেদের জানমাল রক্ষা এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে সহায়তা করার জন্য চট্টগ্রাম বিভাগের স্থানীয় প্রশাসন , আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী , বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও এর অঙ্গ সংগঠনসহ সব জনপ্রতিনিধি , দলীয় নেতাকর্মী এবং স্থানীয় তরুণ সমাজকে সমন্বিতভাবে পাশে দাঁড়ানোর আহ্বান জানান। ভিডিও বার্তায় প্রতিমন্ত্রী বলেন , প্রধানমন্ত্রী তারেক রহমান চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের এ উদ্ভূত পরিস্থিতির সার্বিক খোঁজখবর রাখছেন এবং আমাদের সংশ্লিষ্ট সবাইকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দিয়েছেন। তিনি কঠিন এ পরিস্থিতিতে ধৈর্য ধারণের আহ্বান জানিয়ে সংশ্লিষ্ট সবাইকে দুর্গত মানুষের নিরাপত্তা নিশ্চিতকরণসহ খাদ্য, বস্ত্র ও আশ্রয় দিয়ে সহায়তা করার প্রতি জোর দেন। উল্লেখ্য , ৪২ বছরের রেকর্ড ভাঙা এ ভারী বর্ষণে চট্টগ্রাম এবং পার্বত্য চট্টগ্রামে চরম জনদুর্ভোগ তৈরি হয়েছে। বৈরী আবহাওয়ার কারণে চট্টগ্রামে বিমান ও ট্রেন চলাচল বিঘ্নিত হচ্ছে। এছাড়া , রাঙ্গামাটি ও খাগড়াছড়িতে সড়কে পানি জমে যান চলাচল ব্যাহত হচ্ছে এবং পরিস্থিতি বিবেচনায় আগামী শুক্রবার পর্যন্ত বান্দরবানের সব পর্যটন কেন্দ্র বন্ধ ঘোষণা করেছে জেলা প্রশাসন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## বাণিজ্য ও নিরাপত্তা সহযোগিতা বাড়াতে বাংলাদেশ-ভিয়েতনাম আলোচনা

বাংলাদেশ ও ভিয়েতনামের মধ্যে বাণিজ্য , বিনিয়োগ ও নিরাপত্তা সহযোগিতা আরও জোরদার করার বিষয়ে একমত হয়েছে দুই দেশ। জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠকে মানবপাচার ও অবৈধ অভিবাসন রোধ, আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগিতা বৃদ্ধি , ভিসা সহজীকরণ এবং দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বুধবা র (৮ জুলাই) সরকারের এক তথ্য বিবরণীতে বলা হয়েছে, বাংলাদেশ ও ভিয়েতনামের স্বরাষ্ট্রমন্ত্রীদের মধ্যে এক উচ্চপর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠক গতকাল (৭ জুলাই) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত হয়েছে। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এবং ভিয়েতনাম প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দেশটির জননিরাপত্তা বিষয়ক উপমন্ত্রী সিনিয়র লেফটেন্যান্ট জেনারেল নগুয়েন ভ্যান লং। বৈঠকে উভয় দেশ দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও সুদৃঢ় করা , নিরাপত্তা সহযোগিতা বৃদ্ধি , বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ এবং মানবপাচার ও অবৈধ অভিবাসন রোধে একসঙ্গে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেছেন। বৈঠকের শুরুতে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ গত জানুয়ারি মাসে ভিয়েতনামের কমিউনিস্ট পার্টির ১৪তম জাতীয় কংগ্রেস সফলভাবে সম্পন্ন হওয়া এবং আগামী পাঁচ বছরের জন্য নতুন নেতৃত্ব নির্বাচিত হওয়ায় ভিয়েতনাম সরকারকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন , প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশের নতুন সরকার দ্বিপাক্ষিক , আঞ্চলিক ও বহুপাক্ষিক স্তরে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে ভিয়েতনামের স ঙ্গে সম্পর্ককে আরও গতিশীল করতে আগ্রহী। ১৯৭৩ সালের ১১ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত ঐতিহাসিক কূটনৈতিক সম্পর্কের কথা স্মরণ করে সালাহউদ্দিন আহমেদ বলেন , বাংলাদেশ ভিয়েতনামের সঙ্গে তার দীর্ঘস্থায়ী বন্ধুত্ব ও বহুমুখী অংশীদারিত্বকে সর্বোচ্চ গুরুত্ব দেয়। সাম্প্রতিক বছরগুলোতে দুই দেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, কানেক্টিভিটি এবং জনগণের মধ্যে যোগাযোগ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন। বৈঠকে ভিয়েতনামে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের ভিসা জটিলতা এবং

অনিয়মিত অভিবাসীদের প্রত্যাবাসন প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনা হয়। স্বরাষ্ট্রমন্ত্রী অনিয়মিত অভিবাসীদের প্রত্যাবাসন বিষয়ে ভিয়েতনাম সরকারকে সুনির্দিষ্ট প্রস্তাব তুলে ধরেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## শেয়ারবাজার কেলেঙ্কারির হোতাদের বিচার হবে প্রধানমন্ত্রী

শেয়ারবাজারে ধারাবাহিক দরপতন ও অনিয়মের মাধ্যমে হাজার হাজার বিনিয়োগকারীকে ক্ষতিগ্রস্ত করার ঘটনায় দায়ীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বিগত আওয়ামী লীগ সরকারের আমলে পুঁজিবাজারে সংঘটিত বিভিন্ন অনিয়ম ও কারসাজির সুষ্ঠু তদন্ত করে দায়ীদের বিচারের আওতায় আনা হবে। একই সঙ্গে বিনিয়োগকারীদের আস্থা পুনরুদ্ধারে প্রয়োজনীয় সব পদক্ষেপ নিতে বদ্ধপরিকর সরকার। বুধবার (৮ জুলাই) বিকেলে জাতীয় সংসদের বাজেট অধিবেশনে খুলনা-৪ আসনের সংসদ সদস্য এস কে আজিজুল বারীর এক লিখিত প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রমের সভাপতিত্বে প্রশ্নোত্তর পর্বটি টেবিলে উত্থাপিত হয়। প্রধানমন্ত্রী বলেন, শেয়ারবাজার কেলেঙ্কারির অভিযোগে এরই মধ্যে অনুসন্ধান পরিচালনা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এতে কয়েকজনকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে মামলাসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে। পাশাপাশি এ চক্রের সঙ্গে আরও কেউ জড়িত কি না, তা উদ্ঘাটনে তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) শেয়ারবাজারে কারসাজির দায়ে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মোট ১ হাজার ৪৯৭ কোটি টাকা অর্থদণ্ড আরোপ করেছে। এছাড়া অধিকতর তদন্তের জন্য অভিযুক্তদের তালিকা দুদকের কাছে পাঠানো হয়েছে। তারেক রহমান বলেন, বিগত সরকারের আমলে শেয়ারবাজারে ভয়াবহ বিপর্যয়ের পেছনে একাধিক কারণ কাজ করেছে। এর মধ্যে বাজার কারসাজি ও কৃত্রিমভাবে শেয়ারের দর নিয়ন্ত্রণ, প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও) ও বন্ড ইস্যুতে বড় ধরনের অনিয়ম, নিয়ন্ত্রক সংস্থার দীর্ঘদিনের তদারকির ঘাটতি এবং সময়মতো কার্যকর ব্যবস্থা না নেওয়া উল্লেখযোগ্য। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## এবার সারাদেশে অতিভারী বর্ষণের আভাস, চট্টগ্রামে ভূমিধসের শঙ্কা

গত তিনদিন দেশের অধিকাংশ এলাকায় হালকা থেকে ভারী বৃষ্টি হচ্ছে। এবার সারাদেশে অতিভারী বর্ষণের আভাস দিলো আবহাওয়া অধিদপ্তর। আগামী ৪৮ ঘণ্টা সারাদেশে অতিভারী বর্ষণের সঙ্গে চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকায় ভূমিধসের আশঙ্কা রয়েছে। বুধবার (৮ জুলাই) আবহাওয়া অধিদপ্তরের ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তায় বলা হয়েছে, সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে আজ ৮ জুলাই বিকেল ৩টা থেকে পরবর্তী ৪৮ ঘণ্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, সিলেট ও ঢাকা বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মিলিমিটার/২৪ ঘণ্টা) থেকে অতিভারী (১৮৮ মিলিমিটার/২৪ ঘণ্টা) বর্ষণ হতে পারে। ভারী থেকে অতিভারী বর্ষণের কারণে চট্টগ্রাম মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতাসহ চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধস হতে পারে। টানা অতিভারী বর্ষণ, পাহাড়ি ঢল ও কর্ণফুলী নদীর জোয়ারের প্রভাবে স্মরণকালের ভয়াবহ জলাবদ্ধতায় কার্যত অচল হয়ে পড়েছে চট্টগ্রাম মহানগর। গত সোমবার বিকেল ৩টা থেকে গতকাল মঙ্গলবার বিকেল ৩টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ৪১২ দশমিক ৩ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়, যা গত ৪২ বছরের মধ্যে একদিনে সর্বোচ্চ। এর আগে ১৯৮৩ সালের ৪ আগস্ট ২৪ ঘণ্টায় সর্বোচ্চ ৫১১ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড হয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## মৌলভীবাজারে নদ-নদীর পানি বাড়ছে, বন্যার শঙ্কা

মৌলভীবাজারে অব্যাহত বৃষ্টি ও ভারতের উজান থেকে আসা পাহাড়ি ঢলে নদ-নদীর পানি বাড়ছে। তবে এখনও বিপদসীমার নীচ দিয়ে কুশিয়ারা, মনু, ধলাই ও জুড়ী নদের পানি প্রবাহিত হচ্ছে। টানা বৃষ্টি থাকলে বন্যা হওয়ার শঙ্কা রয়েছে। শ্রীমঙ্গল আবহাওয়া অফিস সূত্রে জানা যায়, মঙ্গলবার (৭ জুলাই) সকাল ৬টা থেকে বুধবার দুপুর ১২টা পর্যন্ত জেলায় ১০৭.৪ মিলিমিটার বৃষ্টি হয়েছে। আগামী কয়েকদিন আরও বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানা যায়। জেলার বিভিন্ন উপজেলায় খোঁজ নিয়ে জানা যায়, জেলার মনু, ধলাই, কুশিয়ারা ও জুড়ী নদীতে পানি বৃদ্ধি পেয়েছে। তবে এখনও বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। নিম্নাঞ্চল এলাকাগুলোতে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। মৌলভীবাজার পানি উন্নয়ন বোর্ড সূত্রে জানা যায়, মঙ্গলবার রাত থেকে ভারী বৃষ্টি ও উজানের ঢলে মনু, ধলাই, কুশিয়ারা ও জুড়ী নদীতে পানি বৃদ্ধি পায়। মনু ও ধলাই নদীর কয়েকটি প্রতিরক্ষা বাঁধ ঝুঁকিপূর্ণ আছে। ভারতে বা উজানে অতিরিক্ত বৃষ্টি হলে বন্যা হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## সায়েদাবাদ বাস টার্মিনাল যাচ্ছে কাঁচপুর, বাস্তবায়নে নৌবাহিনী

ঢাকার যানজট কমাতে সায়েদাবাদ আন্তঃজেলা বাস টার্মিনাল কাঁচপুরে স্থানান্তরের সিদ্ধান্ত নিয়েছে সরকার। বাংলাদেশ নৌবাহিনী এ প্রকল্প বাস্তবায়ন করবে। এ লক্ষ্যে সরাসরি ক্রয় পদ্ধতিতে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান চিটাগাং ড্রাই ডক লিমিটেডকে নিয়োগ দেওয়ার নীতিগত অনুমোদন দিয়েছে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বুধবার (৮ জুলাই) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত

অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ প্রস্তাবে অনুমোদন দেওয়া হয়। বৈঠক সূত্রে জানা গেছে, আগামী চার মাসের মধ্যে কাঁচপুরে নতুন টার্মিনাল ব্যবহার উপযোগী করার নির্দেশনা রয়েছে প্রধানমন্ত্রীর। তাই প্রকল্পটি সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনীর মাধ্যমে বাস্তবা য়ন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্রটি জানিয়েছে, কাঁচপুর বাস টার্মিনালের শেড নির্মাণ, টিকিট কাউন্টার, টয়লেট এবং অফিস কক্ষসহ আনুষঙ্গিক স্থাপনা নির্মাণ ’ শীর্ষক কাজটি সরাসরি ক্রয় পদ্ধতিতে বাস্তবায়নের নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। জানা গেছে, ঢাকা মহানগরীর যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়নের লক্ষ্যে সায়েদাবাদ বাস টার্মিনাল কাঁচপুরে স্থানান্তরের নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। এর পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনকে চার মাসের মধ্যে কাঁচপুরে প্রস্তাবিত টার্মিনাল ব্যবহার উপযোগী করতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার নির্দেশ দেয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করতে রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) বাংলাদেশ নৌবাহিনীর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান চিটাগাং ড্রাই ডক লিমিটেডকে কাজটি বাস্তবায়নের জন্য নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৬ কোটি ৮৮ লাখ ২ হাজার ৫৩২ টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## অনার্স পর্যন্ত মেয়েদের শিক্ষা ফ্রি করতে চাই প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বেগম খালেদা জিয়ার সরকার মেয়েদের শিক্ষা ব্যবস্থা ইন্টারমিডিয়েট পর্যন্ত ফ্রি করেছিলেন। আমরা এবার অনার্স পর্যন্ত মেয়েদের শিক্ষা ব্যবস্থা ফ্রি করতে চাই। বুধবার (৮ জুলাই) বিকেলে জাতীয় সংসদে বাজেট অধিবেশনে সংসদ সদস্য হেলেন জেরিন খানের সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এস ব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, ‘বর্তমান বিএনপি সরকার নারী শিক্ষার পাশাপাশি নারীদের এম্পাওয়ারমেন্ট অর্থাৎ অর্থনৈতিকভাবেও যাতে তারা শক্তিশালী হতে পারে, এম্পাওয়ার হতে পারে সেজন্য ফ্যামিলি কার্ড চালু করেছে। আমরা একই সঙ্গে আরেকটি পরিকল্পনা যেটা গ্রহণ করেছি, যেটি বেগম খালেদা জিয়া সরকার করেছিলেন, মেয়েদের শিক্ষা ব্যবস্থা ইন্টারমিডিয়েট পর্যন্ত ফ্রি করেছিলেন। আমরা এবার অনার্স পর্যন্ত মেয়েদের শিক্ষা ব্যবস্থা ফ্রি করতে চাই। ডিগ্রি বা অনার্স পর্যন্ত।’ তিনি আরও বলেন, আজকে আমাদের সঙ্গে গ্যালারিতে অনেক নারী শিক্ষার্থী উপস্থিত আছে। তারাও সরাসরি এই সংসদ অধিবেশনটি দেখছে। আমরা অনার্স পর্যন্ত যে নারীদের শিক্ষা ব্যবস্থা ফ্রি করবো, তাদের মধ্যে যারা ভালো রেজাল্ট করবে তাদের আমরা স্কলারশিপ দিতে চাই। সংসদ সদস্য শাম্মী আক্তারের সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, আমরা ক্লাস ওয়ান থেকে ক্লাস ফাইভ পর্যন্ত প্রাইমারি স্কুলের বাচ্চাদের স্কুল ড্রেস প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছি। একইসঙ্গে আমরা তাদের স্কুল ব্যাগও দেব। তিনি বলেন, দেশে সরকারি প্রায় ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে। এই ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয়ে প্রায় এক কোটি ২০ লাখের মতো বাচ্চা আছে। আমি এখানে সব সংসদ সদস্যকে আশ্বস্ত করে বলতে চাই, আমরা পর্যায়ক্রমে ক্লাস ওয়ান থেকে ফাইভ পর্যন্ত সব বাচ্চাদের কাছেই পৌঁছানোর চেষ্টা করবো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## আগামী চার বছরে পরিবেশের দৃশ্যমান উন্নতি হবে পরিবেশমন্ত্রী

আগামী চার বছরে দেশের পরিবেশের দৃশ্যমান উন্নতি হবে বলে আশা প্রকাশ করেছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী আবদুল আউয়াল মিন্টু। বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা -২০২৬ এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা-২০২৬ উপলক্ষ্যে বুধবার (৮ জুলাই) সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা বলেন পরিবেশমন্ত্রী। বুড়িগঙ্গাসহ রাজধানীর আশপাশের নদীগুলোর দূষণের উৎস চিহ্নিত করে ব্যবস্থা নেওয়া হচ্ছে। একই সঙ্গে পানি, বায়ু ও শব্দদূষণ নিয়ন্ত্রণে আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী ৭০ থেকে ৮০টি সূচক (ইন্ডিকেটর) নির্ধারণ করে নিয়মিত অগ্রগতি মূল্যায়ন করা হবে বলেও জানিয়েছেন পরিবেশ ও বনমন্ত্রী। সংবাদ সম্মেলনে এক সাংবাদিক বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধারে সরকারের মেয়াদকালে কোনো বিশেষ উদ্যোগ নেওয়া হবে কি না জানতে চাইলে মন্ত্রী বলেন, শুধু বুড়িগঙ্গা নয়, তুরাগ, বালু ও ধলেশ্বরীসহ আশপাশের সব নদীর অবস্থাই প্রায় একই রকম। এসব নদীতে কীভাবে দূষণ ছড়াচ্ছে, তার উৎস এখন চিহ্নিত করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## সব সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত বহাল

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কায় দেশের সব সমুদ্র বন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। বুধবার (৮ জুলাই) সংস্থাটির সর্বশেষ আবহাওয়া পরিস্থিতির বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পূর্ব মধ্য প্রদেশে অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে বর্তমানে উত্তরপশ্চিম মধ্য প্রদেশ এলাকায় অবস্থান করছে। এটি আরও পশ্চিম - উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। এতে আরও বলা হয়েছে, চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরগুলোকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সব মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### প্রাথমিক ও মাধ্যমিকের শিক্ষকদের সম্মানী পর্যায়ক্রমে বাড়ানো হবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, 'সারাদেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের সম্মানি পর্যায়ক্রমে বাড়ানো হবে।'তিনি বলেছেন, 'স্বৈরাচার সরকারের সময় শুধু বিল্ডিং হয়েছে কিন্তু হিউম্যান রিসোর্সের কোন উন্নতি হয়নি। আমরা যদি আমাদের প্রাইমারি এবং সেকেন্ডারি শিক্ষকদেরকে সঠিকভাবে ট্রেনিং দিতে না পারি, শুধু ট্রেনিং নয়, ট্রেনিংয়ের সাথে তাদের সম্মানি যদি বৃদ্ধি করতে না পারি, তাহলে আমরা তাদের কাছ থেকে ভালো কিছু প্রত্যাশা করতে পারিনা।' প্রধানমন্ত্রী বলেন, 'শিক্ষকদের সেকেন্ডারি এবং প্রাইমারি পর্যায়ে প্রশিক্ষণ দেয়ার পরিকল্পনা সরকারের রয়েছে। একই সাথে পর্যায়ক্রমিকভাবে আমরা শিক্ষকদের সন্মানি বাড়ানো প্রয়োজন রয়েছে বলে মনে করি। এ কাজটি অবশ্যই করবো ইনশাআল্লাহ।' আজ বুধবার বিকালে কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহর এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী একথা সংসদকে জানান। কেনো শিক্ষকদের সন্মানি বাড়ানো প্রয়োজন তা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, 'আমরা অনেক সময় দেখেছি প্রাইমারি স্কুলের শিক্ষকরা তাড়াতাড়ি করে ক্লাস করে হয়ত আরেকটি সেকেন্ডারি কোনো জবে অথবা কৃষি কাজে যেটাই হোক একটি সেকেন্ড জবে তাকে যেতে হয়। তা না হলে তার জন্য সংসার চালানো কষ্টকর হয়ে যায়।' তিনি বলেন, 'সেকেন্ডারি স্কুলের ক্ষেত্রেও আমরা দেখেছি, এরকম ঘটনা ঘটে। এই কাজটি যাতে শিক্ষকদের না করতে হয় এবং তারা যাতে সঠিকভাবে তাদের সময় এবং তাদের মেধা শিক্ষার্থীদের পেছনে ব্যয় করতে পারেন সেজন্য তাদের সম্মানি বাড়ানো প্রয়োজন।' চলতি বাজেটে জিডিপির ২ শতাংশ বরাদ্দ শিক্ষাখাতে প্রদানের কথাও বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান।বিকাল তিনটায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সংসদের অধিবেশন শুরু হয়। দিনের কর্মসূচিতে প্রথম ত্রিশ মিনিট প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্ব ছিল। এই সময়ের মধ্যে প্রধানমন্ত্রী চার জন সংসদ সদস্যের তারকা চিহ্নিত প্রশ্ন এবং ৯ জন সংসদ সদস্যের সম্পূরক প্রশ্নের জবাব দেন।প্রধানমন্ত্রী বলেন, 'সারাদেশে সরকারি প্রাথমিক স্কুলের এক কোটি ২০ লাখ শিক্ষার্থীদের পর্যায়ক্রমে ড্রেস ও স্কুলে ব্যাগ দেয়া হবে।' সংসদ সদস্য শাম্মী আখতারের এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, 'আমরা পর্যায়ক্রমিকভাবে ক্লাস ওয়ান থেকে ফাইভ পর্যন্ত প্রাইমারী স্কুলের বাচ্চাদেরকে স্কুল ড্রেস প্রদানের পরিকল্পনা গ্রহন করেছি। একই সাথে তাদেরকে স্কুল ব্যাগও দেবো।'

তিনি বলেন, আমি সংসদে সকল সংসদকে আশ্বস্ত করে বলতে চাই, আমরা পর্যায়ক্রমিকভাবে সমগ্র বাংলাদেশের সরকারি প্রায় ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে এই ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয়ে প্রায় এক কোটি ২০ লক্ষের মতো ক্লাস ওয়ান থেকে ফাইভ পর্যন্ত বাচ্চাকেদেরকে স্কুল ড্রেস প্রদানের পরিকল্পনার ভিতর নিয়ে আসবো পর্যায়ক্রমে। সকল সংসদ সদস্যের এলাকাতেই আমরা যাব ইনশাআল্লাহ এবং সকল বাচ্চাদের কাছেই আমরা পৌঁছানোর চেষ্টা করব।' চীনে কাঁঠাল রপ্তানি প্রসঙ্গে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, 'চীন সফরে আমরা তাদের সাথে চুক্তি স্বাক্ষর করেছি। আমাদের দেশে যে কাঁঠাল এটি অত্যন্ত পপুলার।চাইনিজ মানুষরা খুব পছন্দ করে কাঁঠাল। আমরা এই দেশ থেকে তাদের কাছে কাঁঠাল রপ্তানি করব।' তিনি বলেন, 'এখান প্রসঙ্গক্রমে আরেকটি কথা বলি, চীন সফরের আগে আমি মালয়েশিয়ায় গিয়েছিলাম। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম কথা প্রসঙ্গে আমাকে জানিয়েছেন, উনাদের ওখানে একটি ফল হয় ডুরিয়ান দেখতে অনেকটা কাঁঠালের মত। কথা প্রসঙ্গে উনি আমাকে জানিয়েছেন যে, মালয়েশিয়া প্রতি বছর চায়নাতে ওয়ান বিলিয়ন ডলারের ডুরিয়ান এক্সপোর্ট করে। তারা যদি পারে নিশ্চয়ই আমরা পারবো এক্সপোর্ট করতে এবং কাঁঠাল এক্সপোর্টের মাধ্যমে আমরা নিশ্চয়ই ইনশাআল্লাহ বড় একটি বৈদেশিক মুদ্রা অর্জন করতে সক্ষম হব।' (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

### নবায়নযোগ্য জ্বালানির প্রসারে প্রয়োজন দৃঢ় রাজনৈতিক অঙ্গীকার: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, জ্বালানি নিরাপত্তা শুধু নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয় নয়; এটি দেশের অর্থনৈতিক স্বাধীনতা ও উন্নয়ন সক্ষমতার সঙ্গেও ওতপ্রোতভাবে জড়িত। তাই নবায়নযোগ্য জ্বালানির প্রসারে দৃঢ় রাজনৈতিক অঙ্গীকার নিয়ে এগোতে হবে। আজ জাতীয় সংসদ ভবনে বাংলাদেশ ওয়ার্কিং গ্রুপ অন ইকোলজি অ্যান্ড ডেভেলপমেন্ট বিডব্লিউজিইডি আয়োজিত এক নীতিনির্ধারণী সংলাপে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সংলাপের প্যানেল আলোচনায় অংশ নেন খুলনা সিটি কর্পোরেশনের প্রশাসক নজরুল ইসলাম মঞ্জু এবং সংসদ সদস্য এ বি এম মোশাররফ হোসেন, দীপেন দেওয়ান, কামরুজ্জামান কামরুল, মোহাম্মদ আবু সুফিয়ান, মোহাম্মদ শফিকুল হক মিলন, মাহবুবুর রহমান বেলাল ও সুলতানা জেসমিন জুঁইসহ জ্বালানি খাতের বিশেষজ্ঞ এবং সংশ্লিষ্ট অংশীজনেরা। সংলাপে নবায়নযোগ্য জ্বালানিতে বিনিয়োগ বাড়াতে বাংলাদেশ ব্যাংকের অধীনে ২৫ হাজার কোটি টাকার একটি বিশেষ অর্থায়ন তহবিল গঠন এবং ৩ কিলোওয়াট পর্যন্ত আবাসিক ও কৃষি সৌরবিদ্যুৎ ব্যবস্থায় প্রতি কিলোওয়াটে ২৫ হাজার টাকা ভর্তুকি দেওয়ার প্রস্তাব তুলে ধরে বিডব্লিউজিইডি।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

## বিদ্যুতের চুক্তিগুলো বাতিলের সুযোগ নেই, দাম কমানোর চেষ্টা চলছে: সংসদে মন্ত্রী

বেসরকারি বিদ্যুৎ কোম্পানিগুলোর সঙ্গে বিগত সরকারের সম্পাদিত চুক্তিতে ‘সভরেইন গ্যারান্টি’ বা রাষ্ট্রীয় নিশ্চয়তা যুক্ত থাকায় এসব চুক্তি চাইলেই তাৎক্ষণিকভাবে বাতিল করা সম্ভব নয় বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। তবে বিদ্যুতের দাম কমিয়ে আনতে সরকার সংশ্লিষ্ট কোম্পানিগুলোর সঙ্গে দর-কষাকষি চালিয়ে যাচ্ছে বলে তিনি আশ্বস্ত করেছেন। বুধবার স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে সংসদ সদস্যদের বিভিন্ন প্রশ্নের জবাবে বিদ্যুৎ ও জ্বালানি খাতের এসব তথ্য তুলে ধরেন মন্ত্রী। সংরক্ষিত আসনের জামায়াতের সংসদ সদস্য মারদিয়া মমতাজের এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বিগত ফ্যাসিস্ট সরকার বেসরকারি খাতের বিদ্যুৎ কোম্পানিগুলোর সঙ্গে যে চুক্তি করেছিল, সেখানে ‘সভরেইন গ্যারান্টি’ দেওয়া হয়েছে। এটি মূলত রাষ্ট্রের পক্ষ থেকে দেওয়া এক ধরনের নিশ্চয়তা, যা বাতিল করা অত্যন্ত সময়সাপেক্ষ ও জটিল প্রক্রিয়া। তবে এসব কোম্পানির সঙ্গে বিলম্ব পরিশোধ ফি মওকুফসহ বিভিন্ন বিষয়ে সরকারের আলোচনা চলছে। এ ক্ষেত্রে ফলপ্রসূ আলোচনার আশাবাদ ব্যক্ত করেন তিনি।মন্ত্রী আরও বলেন, একটি বিদ্যুৎকেন্দ্র উৎপাদনে প্রবেশ করার পর গোটা সিস্টেম সচল রাখার স্বার্থে হুট করে জোড়াতালি দেওয়া কিংবা শক্ত অবস্থানে দর-কষাকষি করা যায় না। ফলে যতদিন পর্যন্ত এসব চুক্তি বলবৎ থাকবে, ততদিন সরকার বিদ্যুতের দাম কমিয়ে সহজ মূল্যে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে চেষ্টা চালিয়ে যাবে। কুইক রেন্টাল বিদ্যুৎকেন্দ্রের প্রসঙ্গে জামালপুর-৩ আসনের মোস্তাফিজুর রহমানের প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, বর্তমানে দেশে কোনো কুইক রেন্টাল বিদ্যুৎকেন্দ্র চালু নেই এবং সেগুলোর সঙ্গে কোনো চুক্তিও বহাল নেই। ফলে এই খাতে কোনো ক্যাপাসিটি চার্জও পরিশোধ করতে হচ্ছে না। তবে মেয়াদোত্তীর্ণ দুটি রেন্টাল বিদ্যুৎকেন্দ্রের সঙ্গে ‘নো ইলেকট্রিসিটি, নো পেমেন্ট’ শর্তে নতুন করে চুক্তি নবায়ন করা হয়েছে, যেগুলো এখন সচল রয়েছে বলেও জানান তিনি। গ্যাসের সরবরাহ পরিস্থিতি তুলে ধরে ঢাকা-৫ আসনের মোহাম্মদ কামাল হোসেনের প্রশ্নের জবাবে জ্বালানিমন্ত্রী জানান, দেশে বর্তমানে গ্যাসের দৈনিক চাহিদা প্রায় ৩ হাজার ৮০০ মিলিয়ন ঘনফুট হলেও সরবরাহ করা সম্ভব হচ্ছে প্রায় ২ হাজার ৭০০ মিলিয়ন ঘনফুট। এই বিপুল ঘাটতির কারণে ঢাকা মহানগরসহ সারা দেশে চাহিদা অনুযায়ী গ্যাস বরাদ্দ দেওয়া যাচ্ছে না, যা বিতরণ ব্যবস্থাকে বিঘ্নিত করছে। বিদ্যুৎ খাতের কারিগরি সক্ষমতার তথ্য তুলে ধরে যশোর-৪ আসনের গোলাম রছুলের প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, ২০২৪-২৫ অর্থবছরে বিদ্যুতের সঞ্চালন লস ছিল ৩ দশমিক ০৪ শতাংশ এবং বিতরণ লস ছিল ৭ দশমিক ৩৮ শতাংশ। চলতি ২০২৫-২৬ অর্থবছরের এপ্রিল পর্যন্ত সঞ্চালন লস সামান্য বেড়ে ৩ দশমিক ২৭ শতাংশ হলেও বিতরণ লস উল্লেখযোগ্যভাবে কমে ৬ দশমিক ২৯ শতাংশে নেমে এসেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

## এসডিজি অর্জনে নারী নেতৃত্ব অপরিহার্য: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এসডিজি অর্জন এবং একটি অন্তর্ভুক্তিমূলক, সমতাভিত্তিক ও স্থিতিশীল বাংলাদেশ গড়ে তোলার জন্য নারীর ক্ষমতায়ন ও তাদের নেতৃত্ব শক্তিশালী করা অপরিহার্য বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন, ‘টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শক্তিশালী স্থানীয় নেতৃত্ব এবং সিদ্ধান্ত গ্রহণে নারীর অর্থবহ অংশগ্রহণ অপরিহার্য।’ আজ বুধবার রাজধানীর একটি হোটেলে জাতিসংঘের প্রকল্প সেবা বিষয়ক দপ্তর (ইউএনওপিএস) বাংলাদেশ আয়োজিত ‘বিল্ডিং এ মডেল ফর এসডিজি লোকালাইজেশন : এসডিজি-৫ অ্যান্ড এসডিজি-১৬’ শীর্ষক জাতীয় কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শামা ওবায়েদ বলেন, আজ যেসব উদ্যোগ তরুণ নারীদের ক্ষমতায়িত করছে, তা আগামী দিনের একটি অন্তর্ভুক্তিমূলক, সমতাভিত্তিক ও স্থিতিশীল বাংলাদেশের ভিত্তি স্থাপন করছে। ইউএনওপিএস, ইউএন উইমেন-এর সমন্বয়ে এবং নারীপক্ষের অংশীদারিত্বে যৌথ এসডিজি ফান্ডের সহায়তায় বাস্তবায়িত ‘এনহ্যান্সিং উইমেনস পলিটিক্যাল লিডারশিপ থ্রু এসডিজি-৫ অ্যান্ড এসডিজি-১৬ লোকালাইজেশন ইন বাংলাদেশ’ শীর্ষক যৌথ কর্মসূচির অধীনে এই কর্মশালার আয়োজন করা হয়।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

## দেশেই হবে মনুষ্যবিহীন আকাশযান কারখানা স্থাপন: প্রধানমন্ত্রী

বিমান বাহিনীর জন্য অস্ত্র ও সরঞ্জাম সংযোজনের পরিকল্পনার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী তারেক রহমান জানিয়েছেন, বৃহত্তর বগুড়াতে মনুষ্যবিহীন আকাশযান কারখানা স্থাপনের কার্যক্রম গ্রহণ করেছে। উন্নত ও শক্তিশালী আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা, অত্যাধুনিক নজরদারী প্রযুক্তি সংযোজনের মাধ্যমে সামারিক বাহিনীর উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি জাতীয় গুরুত্বপূর্ণ বিবেচনায় ‘ফাস্ট ট্র্যাক’ প্রক্রিয়ায় কাজ বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। বুধবার জাতীয় সংসদে সরকারপ্রধান জানান, সেনাবাহিনীর সক্ষমতা বৃদ্ধিতে আগামী ১০ বছরে ৮৬ হাজার কোটি টাকা প্রয়োজন। তিনি বলেন, পরিকল্পনা বাস্তবায়ন হলে সেনাবাহিনী আরও প্রযুক্তিনির্ভর, বহুমাত্রিক, আত্মনির্ভর ও যুদ্ধোপযোগী বাহিনীতে পরিণত হবে। জাতীয় প্রতিরক্ষা, সীমান্ত সুরক্ষা এবং সার্বভৌমত্ব রক্ষায় কার্যকর ভূমিকা পালন করবে। নৌবাহিনীর জন্য আধুনিক ফ্রিগেট, করভেট, অফশোর প্যাট্রোল ভেসেল শ্রেণির যুদ্ধজাহাজ এবং সাবমেরিন সংযোজন করা হবে। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে এনসিপির সদস্য সচিব আখতার হোসেনের প্রশ্নে এসব কথা বলেছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, সামরিক শিল্পাঞ্চল স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন রয়েছে। জাতীয় প্রতিরক্ষা সক্ষমতা বৃদ্ধি, বৈদেশিক নির্ভরতা হ্রাস এবং দীর্ঘমেয়াদী প্রতিরক্ষা ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের দেশীয় প্রতিরক্ষা

শিল্পের বিকাশ, প্রযুক্তিগত উদ্ভাবন এবং গবেষণা কার্যক্রম সম্প্রসারণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। অধিকতর উন্নত সামরিক প্রযুক্তি, ড্রোন প্রযুক্তি, সেন্সর ব্যবস্থা, ইলেকট্রনিক্স এবং প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনে সক্ষমতা বৃদ্ধির পরিকল্পনা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে জানিয়ে তারেক রহমান বলেছেন, বন্ধুপ্রতীম দেশগুলোর সঙ্গে প্রযুক্তি হস্তান্তর মাধ্যমে প্রতিরক্ষা শিল্পের উন্নয়নের কার্যক্রমও চলছে।নেত্রকোনা-৫ আসনের জামায়াতে ইসলামীন সংসদ সদস্য মাছুম মোস্তফার প্রশ্নে প্রধানমন্ত্রী বলেন, সার্বভৌমত্ব, ভূখণ্ডগত অখণ্ডতা এবং জাতীয় নিরাপত্তা নিশ্চিতে সেনাবাহিনীর সক্ষমতা উন্নয়ন ও আধুনিকায়ন অগ্রাধিকার পাচ্ছে। তিন বছর এবং সাত বছর মেয়াদি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পরিকল্পনা বাস্তবায়ন হলে সেনাবাহিনীর সামগ্রিক যুদ্ধ সক্ষমতা বহুগুণে বৃদ্ধি পাবে। জামালপুর-৩ আসনের বিএনপির এমপি মোস্তাফিজুর রহমান বাবুলের প্রশ্নে প্রধানমন্ত্রী বলেন, মূল লক্ষ্য হলো প্রকৃত বিনিয়োগ, বাস্তবায়ন অগ্রগতি এবং বিনিয়োগ রূপান্তরের ওপর গুরুত্ব দেওয়া। বিনিয়োগ প্রস্তাব গ্রহণ, যাচাই-বাছাই ও পর্যবেক্ষণ ব্যবস্থাকে আরও কার্যকর, সমন্বিত ও স্বচ্ছ করতে বাংলাবিজ প্ল্যাটফর্ম চালু করেছি।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

## শাপলা চত্বর হত্যাযজ্ঞের তদন্ত শেষ, প্রধান আসামি শেখ হাসিনা

১৩ বছর আগে রাজধানীর শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশ ঘিরে সংঘটিত হত্যাসহ মানবতাবিরোধী অপরাধের অভিযোগে করা মামলার তদন্ত কার্যক্রম শেষ হয়েছে। আগামী ২১ জুলাই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। জানা গেছে, বর্তমানে তদন্ত প্রতিবেদনের খসড়া চূড়ান্ত যাচাই-বাছাইয়ের পর্যায়ে রয়েছে। সব প্রক্রিয়া সম্পন্ন হলে প্রতিবেদনটি আনুষ্ঠানিকভাবে চিফ প্রসিকিউটরের কার্যালয়ে জমা দেওয়া হবে। এরপর ট্রাইব্যুনালে তা আনুষ্ঠানিক অভিযোগ আকারে দাখিল করা হবে। বৃহস্পতিবার চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম বলেন, দীর্ঘসময় ধরে সাক্ষ্য-প্রমাণ, ভিডিওচিত্র, আলোকচিত্র, নথিপত্র এবং প্রত্যক্ষদর্শীদের জবানবন্দি পর্যালোচনা করে তদন্ত শেষ করেছে তদন্তকারী সংস্থা। এখন কেবল আইনি ও কারিগরি যাচাই-বাছাই শেষে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের অপেক্ষা। বহুল আলোচিত এ ঘটনায় দায়ের করা মামলার প্রধান আসামি হচ্ছেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়াও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মহিউদ্দিন খান আলমগীর, সাবেক আইজিপি হাসান মাহমুদ খন্দকার, পুলিশ কর্মকর্তা বিপ্লব কুমার সরকার, ডিবি কর্মকর্তা হারুন, সাংবাদিক মোজাম্মেল বাবুসহ বেশ কয়েকজন সাংবাদিককে মামলায় আসামি করা হয়েছে। সবমিলিয়ে মামলার মোট আসামি প্রায় ২৮ থেকে ৩০ জন। চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম জানান, ট্রাইব্যুনালের অবকাশকালীন ছুটি শেষ হয়ে আগামী ২১ জুলাই বিচারিক কার্যক্রম শুরু হওয়ার কথা রয়েছে। ওই সময়ের মধ্যেই তদন্ত প্রতিবেদন হাতে পাওয়া গেলে প্রসিকিউশন দ্রুত আনুষ্ঠানিক অভিযোগপত্র প্রস্তুত করে ট্রাইব্যুনালে দাখিল করবে বলে আশা করা হচ্ছে। চিফ প্রসিকিউটরের ভাষ্য অনুযায়ী, মামলায় সম্ভাব্য আসামির সংখ্যা ৩০ জন হতে পারে। তদন্তে যাদের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধে সংশ্লিষ্টতার প্রাথমিক প্রমাণ পাওয়া গেছে, তাদের বিরুদ্ধেই অভিযোগপত্রে অভিযোগ আনার প্রস্তুতি চলছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশের আট বিভাগেই ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা

সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে পরবর্তী ৪৮ ঘণ্টায় ঢাকাসহ বাংলাদেশের আট বিভাগেই ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বুধবার আবহাওয়াবিদ হাফিজুর রহমান স্বাক্ষরিত ভারী বৃষ্টিপাতের এক সতর্কবার্তায় এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, বুধবার বিকেল তিনটা থেকে পরবর্তী ৪৮ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। একইসঙ্গে, ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে চট্টগ্রাম মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতাসহ চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধস হতে পারেও সতর্ক করেছে আবহাওয়া অধিদপ্তর। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

## চট্টগ্রাম-কক্সবাজার ট্রেন চলাচল অনির্দিষ্টকালের জন্য বন্ধ

টানা ভারী বর্ষণে রেললাইন পানির নিচে তলিয়ে যাওয়ায় চট্টগ্রাম-কক্সবাজার রুটে ট্রেন চলাচল সম্পূর্ণ বন্ধ ঘোষণা করা হয়েছে। চট্টগ্রামের ষোলশহর ও জান আলীহাট স্টেশনের মধ্যবর্তী মুরাদপুর সুন্নিয়া মাদ্রাসা সংলগ্ন এলাকায় রেললাইন প্রায় দুই ফুট পানির নিচে তলিয়ে গেছে। বুধবার সকালে এই জলাবদ্ধ এলাকা পরিদর্শন শেষে রেল প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ জানান, লাইনের ওপর থেকে পানি না সরা পর্যন্ত এই রুটে ট্রেন চলাচল অনির্দিষ্টকালের জন্য স্থগিত থাকবে। এমন পরিস্থিতিতে আটকে পড়া এবং অগ্রিম টিকিট কাটা যাত্রীদের নির্ধারিত নিয়মে টিকিটের পুরো মূল্য ফেরত দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে কর্তৃপক্ষ। এই সিদ্ধান্তের ফলে বুধবার সকালে চট্টগ্রাম থেকে কক্সবাজারগামী সৈকত এক্সপ্রেস, কক্সবাজার এক্সপ্রেস, প্রবাল এক্সপ্রেস এবং পর্যটক এক্সপ্রেস—এই চার জোড়া ট্রেনের নির্ধারিত যাত্রা বাতিল করা হয়েছে। রেল প্রতিমন্ত্রী স্পষ্ট করেছেন যে, ঢাকা থেকে কক্সবাজারগামী যাত্রীরা আপাতত চট্টগ্রাম স্টেশন পর্যন্ত আসতে পারবেন এবং সেখান থেকে তাদের কক্সবাজার অংশের টিকিটের অর্থ ফেরত দেওয়া হবে
(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

## জাতীয় নির্বাচনের অভিজ্ঞতায় স্থানীয় ভোটের প্রস্তুতি চলছে: ইসি সানাউল্লাহ

জাতীয় এবং স্থানীয় নির্বাচনের প্রেক্ষাপট এক না হলেও আসন্ন স্থানীয় নির্বাচনে জাতীয় নির্বাচনের অভিজ্ঞতা কাজে লাগাতে চায় নির্বাচন কমিশন। এতে ভোটকেন্দ্র স্থাপন থেকে শুরু করে সার্বিক প্রস্তুতি সাজানো হচ্ছে বলে জানিয়েছেন ইসি সানাউল্লাহ। বুধবার সকালে রাজধানীর একটি হোটেলে নির্বাচন পর্যবেক্ষণ সংক্রান্ত বিভিন্ন সুপারিশ, সংস্কারের অগ্রাধিকার এবং বাস্তবায়নের বিষয়ে ইসির সঙ্গে বিদেশি বিভিন্ন সংস্থার সংলাপের উদ্বোধনীতে এসব জানান তিনি। এসময় ইইউ'র অবজারভেশন মিশনের সুনির্দিষ্ট ১৯ প্রস্তাবনার কথা জানিয়ে তিনি বলেন, 'পরামর্শগুলোকে গুরুত্ব দিচ্ছে নির্বাচন কমিশন। একইসঙ্গে সামনের দিনগুলোতে ইইউর সঙ্গে বিষয়গুলো সমন্বয় করা হবে।' এরইমধ্যে স্থানীয় সরকার নির্বাচনের বিধিমালায় কাজ চলছে জানিয়ে ইসি সানাউল্লাহ জানান, ইসির দক্ষতা এবং পর্যবেক্ষকদের প্রস্তাবিত বিষয়গুলো ভালোভাবে আমলে নিলে সামনের দিনগুলোতে ভালো কিছু সম্ভব। এসময় ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার জানান, বাংলাদেশের নির্বাচন ব্যবস্থায় আগামীতেও সম্পৃক্ত থাকতে চায় ইউরোপীয় ইউনিয়ন নারী সংখ্যালঘু ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে কিভাবে আরও বেশি নির্বাচন ব্যবস্থায় সম্পৃক্ত করা যায় সেটা নিয়ে নির্বাচন কমিশনের সঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করা হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

## অনার্স পর্যন্ত মেয়েদের শিক্ষার ব্যবস্থা ফ্রি করতে চাই: প্রধানমন্ত্রী

বেগম খালেদা জিয়ার সরকার মেয়েদের শিক্ষার ব্যবস্থা ইন্টারমিডিয়েট পর্যন্ত ফ্রি করেছিলেন উল্লেখ করে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, 'আমরা এবার অনার্স পর্যন্ত মেয়েদের শিক্ষা ফ্রি করতে চাই।' বুধবার বিকালে ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের ২১তম দিনে সংসদ সদস্য হেলেন জেরিন খানের সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, 'বর্তমান বিএনপি সরকার নারী শিক্ষার পাশাপাশি নারীদের এমপাওয়ারমেন্ট অর্থাৎ অর্থনৈতিকভাবেও যাতে তারা শক্তিশালী হতে পারে এমপাওয়ার হতে পারে সেজন্য ফ্যামিলি কার্ড চালু করেছেন। আমরা একই সঙ্গে আরেকটি পরিকল্পনা গ্রহণ করেছি—বেগম খালেদা জিয়ার সরকার মেয়েদের শিক্ষার ব্যবস্থা ইন্টারমিডিয়েট পর্যন্ত ফ্রি করেছিলেন। আমরা এবার অনার্স পর্যন্ত মেয়েদের শিক্ষার ব্যবস্থা ফ্রি করতে চাই। ডিগ্রি বা অনার্স পর্যন্ত।' তিনি আরও বলেন, 'আজ আমাদের সঙ্গে গ্যালারিতে অনেক নারী শিক্ষার্থী উপস্থিত আছেন। তারাও সরাসরি এই সংসদ অধিবেশনটি দেখছেন। আমরা অনার্স পর্যন্ত নারীদের শিক্ষা ফ্রি করবো এবং তাদের মধ্যে যারা ভালো রেজাল্ট করবে তাদের স্কলারশিপ দিতে চাই।' মহিলা আসনের সংসদ সদস্য শাম্মী আক্তারের সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, 'আমরা ক্লাস ওয়ান থেকে ক্লাস ফাইভ পর্যন্ত প্রাইমারি স্কুলের বাচ্চাদের স্কুল ড্রেস প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছি। একই সঙ্গে তাদের স্কুল-ব্যাগও দেবো। আমি সব সংসদ সদস্যকে আশ্বস্ত করে বলতে চাই, আমরা পর্যায়ক্রমিকভাবে সমগ্র বাংলাদেশে সরকারি প্রায় ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে; এসব বিদ্যালয়ে প্রায় এক কোটি ২০ লাখের মতো বাচ্চা আছে। আমরা পর্যায়ক্রমিকভাবে ক্লাস ওয়ান থেকে ফাইভ পর্যন্ত সব বাচ্চাদের কাছেই পৌঁছানোর চেষ্টা করবো।' (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৭.২০২৬ আসাদ)

# BBC

## TRUMP SAYS CEASEFIRE IS 'OVER' AFTER US AND IRAN TRADE STRIKES

US President Donald Trump says the ceasefire agreement with Iran is "over", blasting the country's leadership as "scum" and "cukoo" after fresh exchanges of fire. Speaking ahead of a Nato summit in Turkey, the president said US negotiators could continue talks "if they want" but said he saw it as "a waste of time". Oil prices rose to $78 a barrel after Trump's comments, although prices are still well below the highs seen during the full closure of the Strait of Hormuz. The US and Iran renewed fighting Tuesday night into Wednesday, in the worst exchange of fire since they signed an interim deal in June that called for an end to the conflict and safe passage of vessel through the strait. "I think it's over. I don't want to deal with them anymore they're scum... they're led by sick people and they're vicious, violent people," Trump said. "We make a deal. Iran go outside, talk to the press, they say we never even talked about it. There's something wrong with them. They're cukoo. As far as I'm concerned, it's over." (BBC News Web Page: 08/07/26, FARUK)

## US STRIKES TARGET IRANIAN MILITARY BOATS

The US has launched strikes on Iranian IRGC small boats and targets in the country in response to attacks on three oil tankers in the Strait of Hormuz. A fire was filmed burning in Bandar Abbas, Iran, after the US Central Command (Centcom) reported that it had launched "powerful" strikes. Iran's deputy foreign minister called the US attacks a violation of the US-Iran memorandum signed last month, warning Tehran would "take decisive measures". Iranian state media said strikes hit Qeshm island, Bandar Abbas and Sirik.
(BBC News Web Page: 08/07/26, FARUK)

**MARINE LE PEN CONFIRMS RUN FOR FRENCH PRESIDENCY**

Leader of the French National Rally party Marine Le Pen has said she will run for the presidency in 2027. Le Pen also said she will attempt to appeal and embezzlement conviction that requires her to wear an electronic tag for a year. "I can't campaign with a tag," the National Rally leader told French TV, "I want to pursue all legal avenues to defend my innocence in this case." Hours earlier, a Paris appeal court found her guilty of misusing €2.8m in EU funds in a fake jobs scheme, but ruled she could stand for the presidency while wearing an tag. (BBC News Web Page: 08/07/26, FARUK)

**GHANA HALTS VISIT BY SOUTH AFRICAN PRESIDENT AMID ROW OVER ANTI-MIGRANT PROTESTS**

Ghana has postponed a visit by South Africa's President Cyril Ramaphosa following xenophobic rallies that resulted in hundreds of Ghanaians being repatriated from his country. Ramaphosa had long planned a visit to Ghana in the first week of August, and it had been hoped this would help de-escalate tensions between the two nations. But many in Ghana feared his presence would lead to mass protests there. On Tuesday, government spokesman Felix Kwakye Ofosu told the BBC the visit would not happen for the time being. "We sent them a communication indicating that it would be best to defer the visit in view of the present climate around xenophobic," he explained.
(BBC News Web Page: 08/07/26, FARUK)

**TRUMP THREATENS SPAIN TRADE, DEMANDS US TAKE OVER GREENLAND AT NATO SUMMIT**

United States President Donald Trump has threatened to cut ties with Spain and insists he still wants Greenland, as Nato leaders met for a summit in the Turkish capital Ankara. "I'm very upset with Nato," he told reporters on Wednesday as he met alliance chief Mark Rutte before the main summit session. Trump singled out Spain for particular criticism, calling it a "terrible partner in NATO". "Spain is a wasted cause. We don't want to do any trade business with Spain any more," he said, asking Treasury Secretary Scott Bessent to "cut it off". In March, Spain said the US would not be allowed to use joint military bases on its territory for operations against Iran and closed its airspace to US planes involved in the war. The office of Spanish Prime Minister Pedro Sanchez said in a statement it was treating Trump's statement as "business as usual"and did not intend to change the "excellent" relations it enjoyed with Washington. (BBC News Web Page: 08/07/26, FARUK)

**FUNERAL EVENTS FOR IRAN'S SLAIN SUPREME LEADER KHAMENEI UNDER WAY IN IRAQ**

Thousands of mourners have gathered in Iraq's Najaf as funeral processions for Iran's slain Supreme Leader Ayatollah Ali Khamenei began in the holy city. Iraqi authorities declared Wednesday a public holiday, with procession ceremonies starting at 6am local time in Najaf. Iran began six days of public funeral ceremonies for Khamenei on Saturday, including a day dedicated to neighbouring Iraq. It hopes the marathon ceremonies will project strength and unity amid the US-Israel war on Iran, which began with strikes by the two countries on Tehran that killed Khamenei and several of his relatives on February 28. Khamenei's coffin made its way through the streets of Najaf to the shrine of Imam Ali, the Prophet Muhammad's son-in-law and the first Shia Imam. (BBC News Web Page: 08/07/26, FARUK)

**::--::THE END::--::**